A Peer-Reviewed Bi-Annual Journal of Commerce, Arts and Science

JOCAS

Volume: 4, Issue: 1
DECEMBER, 2021

Narasinha Dutt College
129 Belilious Road, Howrah - 711101, W. B.

JOCAS

(JOURNAL OF COMMERCE, ARTS AND SCIENCE)

Volume: 4, Issue 1 • December 2021

NARASINHA DUTT COLLEGE

129, Belilious Road, Howrah-711101

Phone: +913326438049, Fax: +913326434259

Email: principal@narasinhaduttcollege.edu.in

JOCAS

(JOURNAL OF COMMERCE, ARTS AND SCIENCE)

NARASINHA DUTT COLLEGE

Journal of Commerce, Arts and Science (JOCAS) is a bi-annual journal being published by Narasinha Dutt College, Howrah, West Bengal. It will be published twice every year. Research articles/papers relating to the disciplines of Humanities, Social Sciences, Commerce, Pure/Physical and Applied Sciences will be considered for publication. JOCAS seeks to encourage publication of both theoretical and empirical research articles of high quality offering new insights in the fields of commerce, arts, sciences and allied areas. Authors should follow the guidelines before submission. The publisher and the Editorial Board shall not assume any responsibility to share the views of the authors contained in their articles. All rights are reserved by the publisher. Reproduction of any matter from this journal or storing in a retrieval system or transmitted in any form or by any means is not permitted without the permission of the publisher of JOCAS.

Editor-in-Chief: Dr. Soma Bandyopadhyay, Principal, Narasinha Dutt College, Howrah.

Editorial Board: Dr. Kuntal Chattopadhyay, Sanjib Kumar Saha, Barnali Ghoshdostidar, Dr. Amal Sarkar, Siddhartha Sen, Maumita Dhar (Dey), Dr. Pradip Kumar Tapaswi, Dr. Niladri De, Subhasis Chattopadhyay

Language: English and Bengali

Periodicity: Bi-Annual

Publisher: Principal, Narasinha Dutt College

(a) Nationality: Indian

(b) Address: 129, Belilious Road, Howrah-711101

Typeset & Printed by: fine dots, Phone: +91 9007056322
E-mail: finedots15@gmail.com

Place of Publication: Narasinha Dutt College, Howrah

From the Desk of Editor-in-Chief

Academic Journal of Narasinha Dutt College ***JOCAS*** is on the fourth step of its advancement with this 4th volume. During this pandemic when academic activities are facing acute stagnancy across the world, ***JOCAS*** is steadily moving in its orbit with immense effort of editors and overwhelming cooperation of the authors and reviewers. This volume of ***JOCAS*** like the previous ones is a collection of articles covering wide range of academic excellence of the contributors. Assassination of Sishupal has been critically analyzed. International tourism demand to India has been studied with econometric approach. Along with scientific thinking, historical chronology of water supply in Kolkata is also found in this volume. Different corners of literature have been considered ranging from Tagore's writing to magical reality through the unveiled knowledge of Islamic Bengali literature. Potential of trade and microfinance is considered from the level of a small city to a state as a whole. Feminist idealism as well as moral sentimentalism has been dealt with to cover a wide arena of philosophical perception. Nutritional status of mother and children in Indian household has been examined on the other hand ranking system of Universities is also studied with specific objective. Biomedical applications of specific organic chemical and mathematical analysis of quadratic matrix polynomial have been documented in this volume. Each article of this volume is a masterpiece and outcome of immense academic effort of the authors.

I am indebted and grateful to all the contributors, reviewers, editors for their dedicated assistance to publish the volume successfully.

Dr. Soma Bandyopadhyay
Principal & Editor-in-Chief

CONTENT

মহাভারত ও শিশুপালবধে কূটনৈতিকতত্ত্বরূপে উপায়চতুষ্টয় : এক তুলনাত্মক সমীক্ষা 07
আকবর আলী

Modelling Inbound International Tourism Demand to India: An Econometric Approach 13
Amal Sarkar

Water Supply System in Kolkata City-A brief history on its chronological developments, strategic plans and future aims 19
Amitava Pal

Un-patriarching Tagore's *Chitrangada* 28
Anushka Hazra

মধ্যযুগ থেকে আধুনিক যুগ ইসলামী বাংলা সাহিত্যের অজানা পাঠ 33
বর্ণালী ঘোষ দস্তিদার

Women Empowerment through Microfinance at Kolkata and Howrah Region – An Empirical Study 37
CA Rajashik Sen and Kokkiri Rimita Rao

Trade Potential for Arunachal Pradesh 48
Debottam Chakraborty and Niladri De

A Feminist Reading of Ismat Chughtai's *A Life in Words*: Deconstructing the Idealised Codes of Femininity and Constructing the Feminist Praxis 57
Juthika Biswakarma

জাদুবাস্তবতার তত্ত্বভাবনা ও বাংলা সাহিত্য 62
কুন্তল চট্টোপাধ্যায়

Moral Sentimentalism 73
Minakshi Pramanick

Double Burden of Malnutrition in the form of Undernutrition among children - Overweight/Obesity among mothers within Households in India: A Systematic Review 80
Piyali Paul and Suman Chakrabarty

CONTENT

Ranking of Indian Universities: A Study of the Subjective and Objective Perspectives 93
Sanjoy De

Recent Advances of Pure Organic Room Temperature Phosphorescence Materials for Biomedical Applications 98
Suman Kumar Maity

Inverse eigenvalue problem for symmetric tridiagonal quadratic matrix polynomials 105
Tinku Ganai

মহাভারত ও শিশুপালবধে কূটনৈতিকতত্ত্বরূপে উপায়চতুষ্টয় : এক তুলনাত্মক সমীক্ষা

আকবর আলী
সহকারী অধ্যাপক, সংস্কৃত বিভাগ
নরসিংহ দত্ত কলেজ, হাওড়া
ইমেল : akbarali.jusans@gmail.com

প্রাচীনকালে মানুষ নিজ প্রয়োজনে সংঘবদ্ধ হতে থাকলে তাদের মধ্যে গোষ্ঠী, দল, পরিবার, গ্রাম প্রভৃতি সৃষ্টি হয়। তখন থেকে মানুষের মধ্যে দলপতি, রাজা, রাজ্য, রাষ্ট্র ও রাজনীতির চিন্তা ধীরে ধীরে গড়ে উঠতে থাকে। প্রাচীন ভারতীয় মহাকাব্য রূপে রামায়ণ ও মহাভারত সর্বজনবিদিত। সামাজিক, অর্থনৈতিক, সাংসারিক, নান্দনিক, ধর্মীয় প্রভৃতি উপাদানগুলির পাশাপাশি রাজনৈতিক বিভিন্ন উপাদান এই মহাকাব্যগুলিতে পাওয়া যায়। বিশেষ করে মহাভারতের কাহিনীর ব্যাপ্তি সম্পূর্ণ রাজনৈতিক ঘটনাকে কেন্দ্র করে। কুরু-পাণ্ডবদের সিংহাসন দখলের লড়াইকে কেন্দ্র করে সৃষ্ট মহাভারতকে একটি রাজনৈতিক মহাকাব্য বললে অত্যুক্তি হয় না। ইংরেজি 'ডিপ্লোমেসি' শব্দটির বাংলা অর্থ হল কূটনীতি। বিজিগীষু রাজার পররাষ্ট্রীয় নীতি বা শত্রুদের বশীভূত বা দমন করার জন্য যেসব উপায়সমূহ, তাদেরকে কূটনীতি বলা হয়। প্রাচীন ভারতীয় রাষ্ট্র বিষয়ক বা রাজনৈতিক বিষয়ক চিন্তা ভাবনা ধর্মের মোড়কে আবৃত ছিল। মনুসংহিতা, অর্থশাস্ত্র, যাজ্ঞবল্ক্যস্মৃতি, মহাভারতের শান্তিপর্ব, অগ্নিপুরাণ প্রভৃতিতে রাষ্ট্র বা রাজনীতি বিষয়ক উপাদানগুলি কাব্যিক ছন্দে রসোপলব্ধি ঘটানোর মাধ্যমে পরিবেশিত হওয়ায় শিশুপালবধ মহাকাব্যটি সহৃদয় থেকে কুটিলমতি সকলের অত্যুপাদেয় হয়ে উঠেছে। শিশুপালবধে রাজনৈতিক উপাদান রূপে উপায়চতুষ্টয় (সাম, দান, ভেদ এবং দণ্ড) কাব্যের ছলে বা কাহিনির মাধ্যমে উপস্থাপিত হওয়ায় সরলমতি ব্যক্তিরাও অল্প আয়াসে কূটনীতির তত্ত্বগুলি সহজেই অনুধাবন করতে পারেন। আলোচ্য সন্দর্ভপত্রটিতে মহাভারতের সভাপর্ব ও শিশুপালবধে কূটনৈতিকতত্ত্বরূপে উপায়চতুষ্টয়ের এক তুলনাত্মক বিশ্লেষণ করার প্রয়াস করা হয়েছে।

অন্তর্টীকা : মহাভারত, শিশুপালবধ, উপায়চতুষ্টয়, অর্থশাস্ত্র, রাজনীতি, কূটনীতি

১. ভূমিকা

এই বিশ্ব-ব্রহ্মাণ্ডে গ্রহ-নক্ষত্র থেকে শুরু করে জীবনযাত্রার সবকিছুই নিয়ম-নীতির দ্বারা পরিচালিত হচ্ছে। যা কোন কিছুকে একটি সুনির্দিষ্ট পথে চালিত করে, তাই হল নীতি— ''নয়নাৎ নীতিরুচ্যতে''। অর্থাৎ নীতি হলো নিয়ম, বিধান, অনুশাসন, মতাদর্শ যা সাধারণ মানুষকে অনুচিত পথ থেকে উচিৎ, অসৎ থেকে সৎ, অকল্যাণ থেকে কল্যাণের পথে নিয়ে যায়। বেদ-উপনিষদের পর থেকে রামায়ণ এবং মহাভারত তথা মহাকবিদের কাব্যে এই নীতি (তা সুনীতি হোক বা রাজনীতি) চতুর্বর্গ ফলপ্রাপ্তির অমূল্য উপদেশ রূপে বিভিন্ন কাহিনির মাধ্যমে দান করে আসছে। পৃথিবীর ধ্রুপদী মহাকাব্য চতুষ্টয়ের অন্যতম মহাভারত হল ভারতীয় আবহমান ঐতিহ্যের এক আকরগ্রন্থ এবং ধর্ম-অর্থ-কাম- মোক্ষের যাবতীয় তত্ত্ব ও তথ্যের অমূল্য সম্ভার।

JOCAS
Journal of Commerce, Arts and Science
Volume: 4, Issue : 1, December 2021

''অর্থশাস্ত্রমিদং প্রোক্তং ধর্ম্মশাস্ত্রমিদং মহৎ।
কামশাস্ত্রমিদং প্রোক্তং ব্যাসেন মিত বুদ্ধিনা।।'' মহাভারত. ১.২.৩৮৩

সপ্তম থেকে অষ্টম শতকের মহাকবি মাঘ মহাভারতের সভাপর্বের বিষয় অবলম্বনে শিশুপালবধ রচনা করেন। গ্রন্থে সহৃদয়ের রসোপলব্ধির বিষয়কে সবিশেষ গুরুত্ব দিলেও রাজনৈতিক দিকগুলি উপেক্ষিত হয়নি। রাজ্য বা রাষ্ট্রের সুপরিচালন ব্যবস্থায় কূটনৈতিকতত্ত্ব রূপে সাম, দান, ভেদ এবং দণ্ড যা উপায়চতুষ্টয় নামে বেশি পরিচিত, তার তুলনামূলক বর্ণনা এই সন্দর্ভ পত্রে আলোচিত হয়েছে। রাজ্য বা রাষ্ট্র পরিচালক এই সব উপায়গুলি সম্যকভাবে জেনে প্রয়োজন অনুসারে প্রয়োগ করে সকলকে নিজের বশে রাখবেন। কবি মাঘ মনুস্মৃতি, অর্থশাস্ত্র, কামন্দকীয়নীতিসার, শুক্রনীতিসার প্রভৃতি শাস্ত্র মন্থন করে শিশুপালবধে রাজনীতির কূটনীতিতত্ত্ব পরিবেশন করছেন। তাই শিশুপালবধ বিশ্লেষণী আতশ কাচে একটি রাজনৈতিক মহাকাব্যে পরিণত হয়েছে।

২. কূটনৈতিকতত্ত্ব রূপে উপায়চতুষ্টয়ের বিবরণ

২.১. সাম

কৌটিল্যের অর্থশাস্ত্রে সাম, দান, ভেদ এবং দণ্ড - এই উপায়চতুষ্টয়ের মধ্যে সামের দ্বারা স্বপক্ষ এবং বিপক্ষ উভয়ের কল্যাণ সাধিত হয় বলে সামকে সকলের আগে উল্লেখ করা হয়েছে। সামের অর্থ হল মধুর ভাষণ। সাধারণ প্রজা অথবা বিরুদ্ধ রাজার উদ্বেগ সৃষ্টি না করে গুণকীর্তন বা গুণ না থাকলেও গুণের উদ্ভাবন করে প্রশংসা বা স্তুতিপূর্বক সাম ব্যবহার করা হয়। এছাড়াও শত্রু রাজা বা কোন প্রভাবশালী ব্যক্তির মধ্যে জ্ঞাতিসম্বন্ধ, বৈবাহিক সম্বন্ধ, কুল- হৃদয় সম্বন্ধ, আয়তিপ্রদর্শন, আত্মোপনিধান প্রভৃতি নানা রকম ভাবে সাম স্থাপনের উপদেশ অর্থশাস্ত্রে আছে।

বৈয়াসিক মহাভারতের সভাপর্বে নারদ মুনি যুধিষ্ঠিরের কাছে এসে রাজধর্ম সম্পর্কে নানা রকম জ্ঞান দিয়ে তাঁকে ব্যুৎপন্ন করেছিলেন। মাঘের শিশুপালবধ কাব্যে অন্য চিত্র দেখা যায়। সেখানে নারদ মুনি শ্রীকৃষ্ণের কাছে আসেন। উদ্দেশ্য একটাই- শিশুপালের নিধন। কারণ শিশুপাল আপন তেজে সমস্ত দেব, দৈত্য ও রাক্ষসের অনুগ্রহ করে থাকেন। বোঝাই যাচ্ছে যে শিশুপালের ক্ষমতা ও শক্তির কাছে দেবরাজ ইন্দ্র স্বয়ং নমিত, ভীত ও সন্ত্রস্ত ছিলেন। সুতরাং শিশুপালের বধ জরুরি ছিল। কিন্তু কাজের পূর্ণতা দেবে কে? এই অসম্ভব কাজকে সম্ভব করতে পারেন একমাত্র বসুদেবপুত্র শ্রীকৃষ্ণ। তিনি অবতার পুরুষ। বিষ্ণুর অন্যতম অবতার। শ্রীকৃষ্ণের প্রতি শিশুপালের ক্রোধ আগে থেকেই ছিল। তাই শত্রুর (শিশুপালের) শত্রু (শ্রীকৃষ্ণ) আমার মিত্র- এই প্রবাদের মতো ইন্দ্র কর্তৃক প্রেরিত নারদ শ্রীকৃষ্ণের স্তুতি পাঠ, প্রশংসা ও মিষ্টভাষণরূপ সামবচনের প্রয়োগ করেছেন।

''অনন্যগুর্বাস্তব কেন কেবলঃ পুরাণমূর্ত্তের্মহিমাবগম্যতে।
মনুষ্যজন্মাহপি সুরাসুরান্ গুণৈর্ভবান্ ভবচ্ছেদকরৈঃ করোত্যধঃ।।''
শিশুপালবধ. ১.৩৫

শুধু তাই নয়, নারদ মুনি শ্রীকৃষ্ণের পূর্ব অবতারের প্রসংশা করে তাঁকে এই কার্যে প্ররোচনা দিয়ে সামনীতির দ্বারা উদ্দেশ্য সিদ্ধি করতে চেয়েছেন। এই জন্মে তিনি মদগর্বিত কংসাদির অত্যাচার থেকে এই পৃথিবীকে রক্ষা করেছেন। শিশুপাল মদগর্বিত, অত্যাচারীও বটে। সুতরাং তাঁকেও শ্রীকৃষ্ণ হত্যা করে পৃথিবীকে দুষ্কৃতি মুক্ত করবেন এটা বলার মাধ্যমে শ্রীকৃষ্ণের গুণকর্মের প্রশংসারূপ সামবচন নিবেদিত হয়েছে একথা বুঝতে অসুবিধা হয় না। শ্রীকৃষ্ণও নারদের প্রশংসা করে তাঁর কৃপা প্রার্থী হয়েছেন। তিনি প্রশংসা করে বলেন- মহাজনেরা পূজার দ্বারা পূজ্যদের বশীভূত করতে আগ্রহী হন।

''বিধায় তস্যাপচিতিং প্রসেদুষঃ প্রকামমপ্রীয়ত যজ্বনাং প্রিয়ঃ।
গ্রহীতুমার্যান্ পরিচর্যয়া মুহুর্মহানুভাবা হি নিতান্তমর্থিনঃ।।''
শিশুপালবধ. ১.১৭

বস্তুত, এই প্রশংসার দ্বারা পারস্পরিক গুণসংকীর্তন করে একজন আর একজনকে নিজের অধীনে রাখার চেষ্টা করেছেন। সুতরাং এখানে সামনীতির দ্বারা শত্রুদমনের প্রতি উৎসাহ বর্ধনের নীতি প্রযুক্ত হয়েছে। বৈয়াসিক মহাভারতে যুধিষ্ঠির ও কৃষ্ণের মন্ত্রণা হয়। সেখানে জরাসন্ধকে হত্যার আগে যুধিষ্ঠির শ্রীকৃষ্ণের প্রশংসারূপ সামবচন প্রয়োগ করেন। যুধিষ্ঠির প্রভৃতি পাণ্ডবেরা বীরযোদ্ধা হলেও শ্রীকৃষ্ণ ব্যতীত তাঁদের কার্যসিদ্ধি অসম্ভব ছিল। তাই শ্রীকৃষ্ণের মন জয় করে নিজের পক্ষে রাখাও যুধিষ্ঠিরের প্রধান উদ্দেশ্য ছিল। শিশুপালবধে এই ঘটনার উল্লেখ পাওয়া যায় না। কিন্তু বলরাম ও উদ্ধবের সঙ্গে কৃষ্ণের যে মন্ত্রণা হয়, তাতে সামনীতির যৎসামান্য নিদর্শন মেলে। উদ্ধবের কথা মতো শ্রীকৃষ্ণকে শিশুপালের প্রতি ভেদনীতি প্রয়োগ করতে বলে যুধিষ্ঠিরের প্রতি সাম উপায় অবলম্বন করতে বলেন। উদ্ধব বলেন- আপনার (শ্রীকৃষ্ণের) কাঁধের ওপর গুরু দায়িত্ব দিয়ে বন্ধু যুধিষ্ঠির যজ্ঞ সম্পাদন করতে চান। এই বন্ধু সম্বোধনের উদ্দেশ্য যজ্ঞের অনুষ্ঠানে উপস্থিত থেকে নির্বিঘ্নে কার্যসিদ্ধি করা। যুধিষ্ঠিরের সঙ্গে শ্রীকৃষ্ণের যতটা আত্মীয়তার সম্পর্ক ছিল, তার তুলনায় বহু গুণে মিত্রতার সম্পর্ক বিদ্যমান ছিল। এই মিত্রতা যাতে দীর্ঘস্থায়ী হয়, তার জন্য উভয়ই উভয়কে সাম প্রয়োগ করে বশীভূত করতে চাইতেন। শিশুপালবধের চতুর্দশ অধ্যায়ে মিত্র কৃষ্ণকে অর্ঘ্য দানের আগে

নিজেদের সম্পর্ক আরো দৃঢ় করার উদ্দেশ্যে যুধিষ্ঠির বলেছেন, 'তুমি ধর্মময় বৃক্ষের মূলকাণ্ড হওয়াই আমি ধর্মময়বৃক্ষ হয়েছি'।

''সপ্ততন্তুমধিগন্তুমিচ্ছতঃ কুর্বনুগ্রহমনুজ্ঞয়া মম।
মূলতামুপগতে খলু! ত্বয়ি প্রাপি ধর্মময়বৃক্ষতা ময়া।।" শিশুপালবধ. ১৪.৬

এই মহাকাব্যে শিশুপালকে হত্যা করাই শ্রীকৃষ্ণের প্রধান লক্ষ্য ছিল। তাই শ্রীকৃষ্ণের দ্বারা যুধিষ্ঠিরের প্রতি সামবাক্য নির্গত হতে দেখা যায়। শ্রীকৃষ্ণ বলেন — তোমার কার্য সম্পাদনে আমি দৃঢ়ব্রত। তুমি আমাকে এ ব্যক্তি ধনঞ্জয় থেকে ভিন্ন- এ রকম মনে করবে না। তাছাড়া যজ্ঞসভায় উপস্থিত শিশুপালের ক্রোধ সৃষ্টি করে তাঁর মধ্যে ভেদনীতি সৃষ্টির প্রথম ধাপ হিসেবে সামের প্রশংসা শোনা যায়। রাজনৈতিক স্বার্থ চরিতার্থের জন্য এই সাম প্রয়োগ সর্বত্র দেখা যায়। এখানেও তার ব্যতিক্রম হয়নি। যুধিষ্ঠিরের রাজসূয়যজ্ঞ সুস্থভাবে পরিচালনা এবং পরবর্তী সময়ে বিপদে আপদে কৃষ্ণের সান্নিধ্য ও সাহায্য লাভের জন্য সামনীতির প্রয়োজন ছিল। ইন্দ্রপ্রস্থে আসার সময় যমুনা নদীর তীর পর্যন্ত কৃষ্ণকে সাদরে গ্রহণ করতে যাওয়া এবং নিজের হাতে রথের লাগাম তুলে নেওয়ার মধ্যে রাজনৈতিক কূটকৌশল অবলম্বনের ইঙ্গিত পাওয়া যায়। বস্তুত এক রাজার সঙ্গে অন্য রাজার, একদেশের সঙ্গে তাঁর প্রতিবেশী দেশের কূটনৈতিক সম্পর্ক বজায় রাখতে সামনীতির গুরুত্ব সকলেই স্বীকার করেন। যে দেশের মিত্রশক্তি যত বেশি, সেই দেশ তত বেশি ক্ষমতা সম্পন্ন।

২.২. দান

পররাষ্ট্রের সাথে প্রীতি উৎপাদনের জন্য অর্থ বা অন্যান্য বিশেষ উপহার দেওয়াকে দান বলা হয়। যাজ্ঞবল্ক্যসংহিতার মিতাক্ষরা টীকাতেও সুবর্ণ প্রভৃতি নানা দ্রব্য বিপক্ষীয়দের প্রদান করাকে দান বলে অভিহিত করা হয়েছে। উপায়চতুষ্টয়ের মধ্যে দানকে প্রায় সব পণ্ডিতেরা মান্যতা দিয়েছেন। অপেক্ষাকৃত দুর্বল বিজিগীষুকে তাঁর অপেক্ষা বেশি শক্তিশালী রাজাকে সাম প্রয়োগের দ্বারা নিজের আয়ত্বে না আনতে পারলে অর্থপ্রদানের মাধ্যমে বশীভূত করার পরামর্শ দেওয়া হয়েছে। অর্থ বলতে এখানে ভূমি-হিরণ্য প্রভৃতি দানের কথা বলা হয়েছে। শত্রুর ক্ষমতা বিচার করে পরিমিত রাজস্ব বা দানের দ্বারা সারা বছর সন্তুষ্টি বিধানের কথা শুক্রনীতিতেও আছে। দানশীল রাজা খুব কম সময়ের মধ্যে বিরুদ্ধপক্ষীয়দের জয় করতে সমর্থ হন দানের সঠিক প্রয়োগের দ্বারা।

বৈয়াসিক মহাভারতের সভাপর্বের কিছু খণ্ড খণ্ড ঘটনায় দানের প্রসঙ্গ প্রকাশিত হয়েছে। যুধিষ্ঠির রাজসূয়যজ্ঞ করবেন। কিন্তু তার আগে জরাসন্ধ বধ হওয়া দরকার। কারণ জরাসন্ধ বেঁচে থাকলে এই যজ্ঞ করে যুধিষ্ঠিরের কোনো লাভ হবে না। সুতরাং যুধিষ্ঠির কপটযুদ্ধে জরাসন্ধকে বধ করে বন্দি রাজাদের মুক্ত করলে রাজসূয়যজ্ঞ সম্পাদনে সাহায্যের নিমিত্ত সকলে প্রতিজ্ঞাবদ্ধ হন।

''সর্বৈর্ভবদ্ভির্বিজ্ঞায় সাহায্যং ক্রিয়তামিতি।" মহাভারত. ২.২৩.৩৫

কী সেই সাহায্য? আর্থিক সাহায্য দানের প্রসঙ্গ এখানে বিদ্যমান। কারণ রাজসূয়যজ্ঞ সম্পাদন খরচ সাপেক্ষ ব্যাপার। অন্যদিকে জরাসন্ধের মৃত্যুতে মগধের রাজসিংহাসনে তাঁর পুত্র সহদেবকে বসানো হলে তিনিও অনেক মহার্ঘ্য দানের মাধ্যমে যুধিষ্ঠিরের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক স্থাপন করেন। এই দিকে রাজকোশের সমৃদ্ধির জন্য চার পাণ্ডব দিগ্বিজয়ে চতুর্দিকে যাত্রা করেন। ভীম, অর্জুন, নকুল এবং সহদেব বিভিন্ন রাজাদের সাথে যুদ্ধ করে দানগ্রহণের মাধ্যমে প্রচুর কর লাভ করেন। শিশুপালবধে দান রূপে দু'বার অর্ঘ্যদানের প্রসঙ্গ পাওয়া যায়। যদিও রাজনীতিশাস্ত্রের মতো একে দাননীতি রূপে সেভাবে উল্লেখ করা না হলেও শিশুপালবধে কূটনৈতিক চালে এর গুরুত্ব অস্বীকার করা যায় না। ত্রিকালজ্ঞ, চতুর নারদ মুনিকে কৃষ্ণ অর্ঘ্য প্রদান করে মঙ্গলাচারধর্ম রক্ষা করার সাথে সাথে পরোক্ষ ভাবে তিনি দেবরাজ ইন্দ্রের প্রতি সন্তুষ্টি প্রকাশ করে তাঁর কৃপা লাভে প্রয়াসী হয়েছেন। যজ্ঞকালে ইন্দ্রপ্রস্থে অনেক স্বাধীন ও বিজিত রাজাদের সঙ্গে পারস্পরিক অনেক মহার্ঘ্য দ্রব্য ভেট রূপে আদান-প্রদান করে রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করেছিলেন। কিন্তু যুধিষ্ঠির যজ্ঞের পরিসমাপ্তিতে নীতিশাস্ত্রের চিরাচরিত দান থেকে স্বতন্ত্র এবং মহার্ঘ্য দান করেছিলেন অবতার পুরুষ শ্রীকৃষ্ণকে। এই দান শিশুপালবধে মহাকাব্যিক ক্লাইম্যাক্স তৈরি করেছে। কারণ এর পরই শিশুপাল ক্রুদ্ধ হয়ে কৃষ্ণ, যুধিষ্ঠির, ভীষ্ম প্রমুখের প্রতি নিন্দার ঝড় তোলেন। ক্রোধবশত শিশুপাল তার একশো অপরাধের সীমা লঙ্ঘন করেন। শ্রীকৃষ্ণ তখন পরবর্তী দণ্ডনীতি অবলম্বন করে শিশুপালকে বধ করেন। অতএব এই কাব্যে কৃষ্ণকে অর্ঘ্য প্রদান না করলে শিশুপালবধের ঘটনা প্রবাহ অন্য খাতে প্রবাহিত হতো। আধুনিক ভারতবর্ষে রাজনৈতিক সত্ত্বায় দান খুব প্রশংসনীয়। যুগের সাথে সাথে দানের অর্থ পরিবর্তন হয়েছে ঠিকই কিন্তু উদ্দেশ্য (অন্যকে বশীভূত করা) আজও এক আছে। বিপদে আপদে বিপক্ষের দেশগুলিকে নানা ভাবে কিছু না কিছু সাহায্য করে ভবিষ্যতে নানা স্বার্থ চরিতার্থ করেন বিভিন্ন রাষ্ট্রপ্রধানেরা। বিশ্বরাজনীতির দিকে চোখ রাখলে এর ভুরি ভুরি দৃষ্টান্ত মেলে।

২.৩. ভেদ

শত্রুপক্ষের একতা বা সঙ্ঘবদ্ধতাকে নির্মূল করা ভেদের একমাত্র কাজ। মনুসংহিতাতে শত্রুপক্ষের মধ্যে বিভেদ সৃষ্টি করে বশীভূত

JOCAS
Journal of Commerce, Arts and Science
Volume: 4, Issue : 1, December 2021

করাকে ভেদ বলা হয়েছে। কৌটিল্য তাঁর অর্থশাস্ত্রে ভেদের সংজ্ঞা দিতে গিয়ে বলেছেন — শত্রুমনে আশঙ্কা ও ভয় সৃষ্টি করে বিভেদ করাকে ভেদ বলে।

''শঙ্কা জননং নির্ভর্ৎসনং চ ভেদঃ।'' অর্থশাস্ত্র. ২.১০.১২

শত্রুপক্ষীয় মন্ত্রী, অমাত্য, পুরোহিত, এমনকি যুবরাজ প্রবল হলেও এদের একজনকে ভেদ করতে পারলেই রাজাকে নিজের বশে আনা সহজ হয়। সঙ্ঘবদ্ধ শত্রুদের নিজের বশে আনতে ভেদ ছাড়া আর কোন গতি নেই। শত্রুরাষ্ট্রে একতা ভাঙার জন্য বসবাসকারী সাধারণ প্রজাদের মধ্যে পারস্পরিক স্নেহ, ভালোবাসা নষ্ট করতে হবে। এই প্রীতি, ভালোবাসা বিনষ্ট হলে নিজেদের মধ্যে ঘৃণার সঞ্চার হয়ে সংঘর্ষে রূপান্তরিত হবে। বিপক্ষীয় রাজা এই সব সমস্যার সম্মুখীন হলে বাহ্য সমস্যা সমাধানে ব্যর্থ হয়ে ভিদ্য হবেন।

শিশুপালবধে দ্বিতীয় সর্গে উদ্ধবের মন্ত্রণায় ভেদনীতি প্রকটিত হয়েছে। আপন ক্ষমতায় বলীয়ান চেদিরাজ শিশুপালের প্রতি দেবতারাও অতিষ্ঠ ছিলেন। তার বিরুদ্ধে দণ্ড প্রয়োগ করা এই মুহূর্তে হটকারিতা ছাড়া আর কিছুই নয়। সুতরাং শিশুপালের ভৃত্য ও অমাত্যদের মধ্যে ভেদনীতি প্রয়োগ করার কথা বলেছেন।

''অজ্ঞাতদোষৈর্দোষোজ্ঝেরুদ্দূয্যোভয়বেতনৈঃ।
ভেদ্যাঃ শত্রোরভিব্যক্তশাসনৈঃ সমবায়িকাঃ।।'' শিশুপালবধ. ২.১১৩

এই ভেদ শিশুপালকে দুর্বল করে তুলবে যার ফলস্বরূপ শ্রীকৃষ্ণ অতি সহজেই শিশুপালকে নিজের বশে আনতে সমর্থ হবেন। উদ্ধব জানতেন অনেক দেশ-দেশান্তরের রাজাদের সঙ্গে শিশুপালও আসবেন যুধিষ্ঠিরের রাজসূয়যজ্ঞের অনুষ্ঠানে। কৃষ্ণের প্রতি যুধিষ্ঠিরের প্রীতি, বন্ধুত্ব ও মিত্রতাবশত কৃষ্ণের প্রতি বেশি ভক্তি দেখালে পরশ্রীকাতর রাজারা নিজেরাই বিরুদ্ধে গিয়ে বিরোধিতা করবেন। শিশুপালের মিত্র রাজারা নিজের বংশ মর্যাদা সম্পর্কে ওয়াকিবহাল হয়ে কোকিল যেমন কাক থেকে আলাদা হয়ে যায়, তেমনই মিত্র রাজারা তাঁকে ছেড়ে চলে যাবেন।

'' ...বলিপুষ্টকুলাদিবান্যপুষ্টৈঃ পৃথগস্মাদচিরেণ ভাবিতা তৈঃ।।''
শিশুপালবধ. ২.১১৬

তখন কৃষ্ণ সহজেই শিশুপালকে পরাজিত করতে সমর্থ হবেন। ষোড়শ সর্গে শিশুপালের পাঠানো দূতের বার্তা বিশ্লেষণ করলে ভেদের উদাহরণ পাওয়া যায়। কৃষ্ণের সাথে যে সব রাজারা মিত্র ভাবে অবস্থান করছেন, তারাও অচিরে বিনাশ প্রাপ্ত হবেন বলে দূত মন্তব্য করেন। দূত আরো বলেন যে, কৃষ্ণ বড়ো বড়ো রাজাদের শত্রু করে রেখেছেন। শিশুপাল একজন বড়ো মাপের রাজা। তাই শিশুপাল শ্রীকৃষ্ণের পাশাপাশি মিত্র রাজাদেরও ধ্বংস করে আনন্দ লাভ করবেন। সুতরাং স্নায়ুযুদ্ধে শিশুপালকে এগিয়ে রেখে এই রকম ভেদ মূলক কথা বলে প্রকারান্তরে শিশুপাল শত্রুপক্ষের রাজাদের ভেদ ঘটানোর চেষ্টা করেছেন। বৈয়াসিক মহাভারতের সভাপর্বে যজ্ঞের আগে যুধিষ্ঠিরের প্রতি শ্রীকৃষ্ণকে ভেদ প্রয়োগ করতে দেখা যায়। জরাসন্ধ প্রাণে বেঁচে থাকলে যুধিষ্ঠির কোনো দিনও সম্রাট উপাধিতে ভূষিত হতে পারবেন না।

''ন তু শক্যং জরাসন্ধে জীবমানে মহাবলে।
রাজসূয়ং ত্বয়াবাপ্তুমেষা রাজন্! মতির্মম।।'' মহাভারত. ২.১৪.৬০

অতএব জরাসন্ধকে হত্যা করলে যুধিষ্ঠিরের সম্রাট হওয়ার পথ যেমন সুগম হবে, তেমনই ক্ষমতাশালী শিশুপালের ক্ষমতা কমে যাবে এবং সহজে তাকে পরাজিত করা সম্ভব হবে। রাজসূয়যজ্ঞে ভেদমূলক বাক্য বলে শিশুপাল কৃষ্ণের মিত্ররাজাদের মধ্যে ভেদ সৃষ্টি করার চেষ্টা করেছিলেন। অধুনা বিশ্ব রাজনীতিতে ভেদের উপস্থাপন খুব সন্তর্পনে করা হয়। নানা গুপ্তচর নিয়োগ করে পররাষ্ট্র ভেদ করে নিজের বশে আনা বর্তমান আগ্রাসী দেশ গুলির মুখ্য লক্ষ্য হয়ে দাঁড়িয়েছে।

২.৪. দণ্ড

সাম, দান এবং ভেদ এই তিনটি পদ্ধতি কোন কারণে ব্যর্থ হলে দণ্ড প্রয়োগ করে শত্রুকে সরাসরি বশে আনার কথা কৌটিল্য অর্থশাস্ত্রে বলেছেন। রাষ্ট্র ও প্রজাদের রক্ষা করার জন্য জগতে যে নিয়ম, ব্যবস্থা প্রচলিত তাকে দণ্ড বলে অভিহিত করা হয়। এই দণ্ড কেবলমাত্র দুষ্কৃতকারীকে দমন করে না, যেকোন সাধারণ ব্যক্তিকেও দণ্ড সংযত করে। বিজিগীষু রাজা আপন রাজ্যে এবং পররাজ্যে কার্যসিদ্ধির উপায় হিসাবে দণ্ড প্রয়োগ করে থাকেন। অর্থশাস্ত্রে বলা হয়েছে রাজা যখন নিজ রাজ্যে অতুষ্ট ভাবাপন্ন সাধারণ প্রজাদের সাম, দান এবং ভেদ দ্বারা সন্তুষ্ট করতে পারবেন না, তখন তিনি দণ্ড প্রয়োগ করে সবাইকে নিজের বশে আনার চেষ্টা করবেন। মনুসংহিতাতে বলা হয়েছে সাম, দান এবং ভেদ এই তিনটি উপায় যদি নিষ্ফল হয়, তবে বিরুদ্ধাচরণকারীদের প্রতি ধীরে ধীরে দণ্ড প্রয়োগ করে বশীভূত করতে হবে।

ব্যাসদেবকৃত মহাভারতের সভাপর্বে জরাসন্ধের ওপর দণ্ডনীতি প্রয়োগের কথা বলেছেন শ্রীকৃষ্ণ। নানান যুক্তির অবতাড়না করে পরিশেষে যুধিষ্ঠির শ্রীকৃষ্ণের সঙ্গে সহমত পোষণ করেন এবং দণ্ডনীতি প্রয়োগের কথা বলেন।

''ক্ষিপ্রমেব যথা ত্বেতৎ কার্য্যং সমুপপদ্যতে।
অপ্রমত্তো জগন্নাথ! তথা কুরু নরোত্তম!'' মহাভারত. ২.১৯.১২

কৃষ্ণ হংস, ডিম্বক এবং কংসের প্রতি দণ্ড প্রয়োগ করে তাঁদের বধ করেছিলেন বলে স্বীকার করেছেন। পাণ্ডবেরা দিগ্বিজয়ে বেড়িয়ে নানা দিকের রাজাদের দণ্ড প্রয়োগ করে নিজেদের অধিকারে নিয়ে এসেছিলেন। দণ্ডনীতি প্রয়োগ করে শ্রীকৃষ্ণ শিশুপালকে বধ করেছিলেন। মহাভারতের সভাপর্বে যুদ্ধের রূপরেখা দেখা যায় না। সুতরাং লড়াই ছিল নামমাত্র। শিশুপালবধ মহাকাব্যের শুরুতেই ইন্দ্র নারদের মারফত কৃষ্ণের উপর এক গুরু দায়িত্ব অর্পণ করেছিলেন। দায়িত্বটা হলো শিশুপালের ওপর দণ্ড প্রয়োগ। শিষ্টের পালক ও দুষ্টের দমনকারী শ্রীকৃষ্ণ বিধাতার অনুশাসন লঙ্ঘনকারী শিশুপালের ওপর দণ্ড প্রয়োগ করেন। কৃষ্ণের জ্যেষ্ঠ বলরামও মন্ত্রণা কালে শিশুপালের ওপর দণ্ডনীতির প্রয়োগ করতে বলেছেন। শ্রীকৃষ্ণ নিজেও দণ্ডের প্রতি বিশ্বাসী ছিলেন। রাজসূয়যজ্ঞের পূর্বে যুধিষ্ঠিরের বিরুদ্ধচারীকে সুদর্শন চক্রের দ্বারা শিরোচ্ছেদের কথা কৃষ্ণের মুখে শোনা যায়। যজ্ঞকালে শিশুপাল শ্রীকৃষ্ণের বিরুদ্ধে নিন্দাসূচক বাক্য বলে একশো অপরাধ অতিক্রম করলে শ্রীকৃষ্ণ রুদ্ধমূর্তিতে দণ্ড ধারণ করে শিশুপালকে চরম দণ্ডে দণ্ডিত করেন।

''তেনাক্রোশত এব তস্য মুরজিত্তৎকাললোলানল জ্বালাপল্লবিতেন
মূর্দ্ধবিকলং চক্রেণ চক্রে বপুঃ।।'' শিশুপালবধ. ২০.৭৮

এইভাবে চারপ্রকার উপায়ের মধ্যে শেষ পর্যন্ত শ্রীকৃষ্ণ শিশুপালকে যথাযথ দণ্ড প্রয়োগ করে নিজের তথা ইন্দ্রের স্বার্থসিদ্ধি করেছিলেন এবং জগৎকে দুষ্কৃতি মুক্ত করে জগতের পাপভার লাঘব করেছিলেন।

উপসংহার

প্রাচীন ভারতীয় রাজনীতি পর্যালোচনা করলে বোঝা যায়, রাজনীতির বাস্তবিক প্রয়োগের ক্ষেত্রে কত সূদাতিসূদ ভাবনার প্রয়োজন ছিল। রাজনীতি ছিল বুদ্ধিমান ব্যক্তিদের তথা পরিণতবুদ্ধির দক্ষ কূটকৌশল প্রয়োগের বিভিন্ন দিকনির্দেশ। সেখানে শুধু গায়ের জোর, শক্তিসামর্থ্য, ব্যূহ রচনার মাধ্যমে যুদ্ধে জয় হত না। যুদ্ধে জয়ী হওয়ার জন্য বুদ্ধির জোরের আবশ্যকতা ছিল, প্রয়োজন ছিল কূটনৈতিক দক্ষতার। একজন রাজাকে প্রত্যেকটি মুহূর্তে খুব সন্তর্পনে পদক্ষেপ গ্রহণ করতে হত। বস্তুত ন্যায়সঙ্গত, সুষ্ঠসমাজ তথা রাষ্ট্রব্যবস্থা নিয়ন্ত্রণ করা ছিল রাজনীতিশাস্ত্র সমূহের মূল উদ্দেশ্য। কিন্তু বর্তমানে গা-জোয়ারিনীতি, নেতাদের প্রশাসনিক ব্যর্থতা, অন্যায়-অবিচার, লোলুপতা অধুনা রাজনীতির ভাবনাকে যেন বাহুলাংশে কলুষিত করে তুলেছে। বর্তমান এই সংকটাবস্থা কাটাতে আমাদের অতীত শাস্ত্রাধ্যয়ন জরুরি হয়ে পড়েছে। অতীতের এই সমস্ত রাজশাস্ত্র বা সাহিত্য পর্যালোচনার মাধ্যমে বর্তমান সমাজ তথা ভবিষ্যত প্রজন্ম চলার পথে একটা নতুন দিশা খুঁজে পাবে। বিজিগীষু রাজারা প্রয়োজনের সাপেক্ষে পররাষ্ট্রীয় রাজাদের সঙ্গে সাম, দানাদি নানা উপায় অবলম্বন করতেন। এই একবিংশ শতকে দাঁড়িয়ে দেশের স্বার্থে সেই উপায়চতুষ্টয়ের উপযোগিতা একেবারে অপ্রাসঙ্গিক হয়ে যায় নি। সেক্ষেত্রে শাস্ত্র ও সাহিত্যের প্রতিতুলনার মাধ্যমে রাজনীতির সূদাতিসূদ বিষয়গুলি উপলব্ধি করা একান্ত প্রয়োজন। বর্তমান বিশ্ব রাজনীতিতে কিছু পারিভাষিক শব্দ যেমন চুক্তি, আইন, কূটনীতি, আন্তর্জাতিক সম্পর্ক, পররাষ্ট্রনীতি প্রভৃতি আধুনিক বলে মনে হলেও প্রাচীন ভারতীয় রাজনীতিশাস্ত্র তথা মাঘের শিশুপালবধে এদের নিদর্শন পাওয়া যায়। মহাভারতের কাহিনী অনুসারে শিশুপালের নিধন সম্পন্ন হবে শ্রীকৃষ্ণের দ্বারা। এই নিধন যজ্ঞের অগ্নিতে ঘি ঢেলেছে নারদ মুনির প্ররোচনা। *'অশুভ আচরণে যাদের বিপদ পূর্ণতা পেয়েছে সেসব অসজ্জনকে সজ্জনদের ধ্বংস করা উচিৎ'*— তাঁর এই কূটনৈতিক বক্তব্য শিশুপালবধকে তরান্বিত করেছিল। অপরাধীর শাস্তি বিধান দেশের সাংবিধানিক নিয়ম। শিশুপাল অত্যাচারী সুতরাং অপরাধী। তাঁর কৃতকর্মের শাস্তি মৃত্যুদণ্ড। বলরাম অপরাধী শত্রুদের সমূলে উৎপাটনের কথা বললেও কূটনীতিকে আশ্রয় করে উদ্ধবের কথামতো শ্রীকৃষ্ণ *'কোকিলরা যেমন কাক থেকে পৃথক হয়ে যায় তেমনই শিশুপালপক্ষীয় রাজারা পৃথক হয়ে যাবেন'*—এই ভেদনীতি অবলম্বন করে শত্রুপক্ষকে দুর্বল করেছিলেন। আন্তর্জাতিক বা পররাষ্ট্রনীতি কিংবা আন্তঃরাজ্যের সঙ্গে সুসম্পর্ক বজায় রাখতে শ্রীকৃষ্ণ এবং যুধিষ্ঠির পরস্পরের হাত মিলিয়েছেন। রাজসূয়যজ্ঞের সুষ্ঠ সম্পাদনা এবং ভেদনীতির প্রয়োগ করে শিশুপালের বিরুদ্ধে বিগ্রহ - এই উভয় কার্যের জন্য পারস্পরিক সহযোগিতা কাম্য ছিল। শুধু যজ্ঞানুষ্ঠানে উপস্থিত থাকা শ্রীকৃষ্ণের উদ্দেশ্য থাকলে বিশাল সেনাবাহিনী সহ অভিযান করতেন না। চুক্তি অনুসারে যজ্ঞের সময় বিভিন্ন রাজ্যের নৃপতিদের আগমন এবং সমর্থন ঋণাত্মক পররাষ্ট্রনীতির দৃষ্টান্ত। রণক্ষেত্রে বিভিন্ন রাজন্যবর্গেরঅংশগ্রহণও আন্তঃরাজ্যের সুসম্পর্ক তুলে ধরে। রাষ্ট্র বা বিদেশনীতিতে কূটনীতির চমৎকার প্রয়োগ সহায়ক হলে সকলের কাছে গ্রহণ যোগ্যতা বৃদ্ধি পায়। প্রাচীনকালে শাসকের (তা দলপতি থেকে রাজা বা রাষ্ট্রপতি) রাজ্য পরিচালনা, যুদ্ধ বা কোনো বহিঃশত্রুর আক্রমণের নীতির বিবর্তিতরূপ শিশুপালবধে দেখা যায়। নিজ বুদ্ধিবলে সাম, দান প্রভৃতি উপায়চতুষ্টয়ের কূটনৈতিক প্রয়োগ শিশুপালবধে সুন্দরভাবে প্রদর্শিত হয়েছে। কূটনৈতিকতত্ত্বের অনুসন্ধানে উপায়চতুষ্টয়ের মতো কূটনৈতিক উপাদান বিশদে দেখা যায়। কূটনৈতিক জয়-পরাজয়ের উপর রাষ্ট্রস্বার্থের জয় এবং পরাজয় নির্ভর করে।

JOCAS
Journal of Commerce, Arts and Science
Volume: 4, Issue : 1, December 2021

সাম, দান, ভেদ এবং দণ্ড- এই চারটি নীতি যথাযোগ্য স্থানে প্রয়োগ করে শিশুপালবধে রাজনৈতিক স্বার্থ চরিতার্থ হয়েছে। কূটনৈতিক দ্বন্দ্বই বর্তমানে যুদ্ধের পরিমার্জিত ক্ষুদ্র সংস্করণ হয়ে দাঁড়িয়েছে। রাষ্ট্রের ক্ষমতাবল যতই থাকুক না কেন, কূটনীতি সুপ্রযুক্ত না হলে রাজনৈতিক স্বার্থসিদ্ধির চরম ব্যাঘাত ঘটে। একবিংশতি শতকে দাঁড়িয়ে উপায়চতুষ্টয় চরম কূটনীতির পরিচায়ক। ''আমি তোমার সাথে সর্বদা আছি''- এই রকম বাক্য বলে দুই দেশের মধ্যে যুদ্ধ বাধিয়ে, এক দেশকে মৌখিক সমর্থন এবং আরেক দেশকে অস্ত্রবল দিয়ে নিজের উদ্দেশ্য চরিতার্থ করতে তৎপর রাষ্ট্রপ্রধানেরা।

তথ্যসূত্রাবলী

তর্করত্ন, পঞ্চানন. সম্পা. ও অনু. *অগ্নিপুরাণ*. কলিকাতা; নবভারত প্রকাশনা, ১৩৮৯ বঙ্গাব্দ

তর্কপঞ্চানন, শ্যামাকান্ত. সম্পা. ও অনু. শ্রীমদ্ভাগবত (দশম স্কন্ধ) কলিকাতা; বসুমতি সাহিত্য মন্দির, অজ্ঞাত বন্দ্যোপাধ্যায়, অশোক কুমার. সম্পা. ও অনু. *মনুসংহিতা* (সপ্তম অধ্যায়). কলিকাতা; বলরমা প্রকাশনী, ১৪০৯ বঙ্গাব্দ

বন্দ্যোপাধ্যায়, মানবেন্দু. সম্পা. ও অনু. *মনুসংহিতা*. কলকাতা; সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০১০

–..*কামন্দকীয় নীতিসারঃ*. কলকাতা; সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৯৯৯

–.. *কৌটিলীয়ম্ অর্থশাস্ত্রম্*. কলকাতা; সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০১০

বসু, রাজশেখর. *মহাভারত*. কলকাতা; এম. সি. সরকার অ্যান্ড সন্স প্রাইভেট লিমিটেড, ২০১১

বসু, বুদ্ধদেব. *মহাভারতের কথা*. কলকাতা; এম. সি. সরকার অ্যান্ড সন্স প্রাইভেট লিমিটেড, ১৯৭৪

ভট্টাচার্য্য, কালীবর বেদান্তবাগীশ. সম্পা. ও অনু. *মহাভারতম্* (সভাপর্ব্ব). শ্রীরামপুর; আল্ ফ্রেড্ যন্ত্র, ১৭৯৩ শকাব্দ

ভট্টাচার্য্য, জীবানন্দবিদ্যাসাগর. *শিশুপালবধম্*. কলিকাতা; সিদ্ধেশর প্রেস, ১৯২০

ভট্টাচার্য্য, হরিদাসসিদ্ধান্তবাগীশ. সম্পা. ও অনু. *শিশুপালবধ*. কলিকাতা; সংস্কৃত বুক ডিপো, ২০১৫

–.. *মহাভারতম্* (সভাপর্ব্ব). কলিকাতা; বিশ্ববাণী প্রকাশনী, ১৩৮৪ বঙ্গাব্দ

ভাদুড়ী, নৃসিংহপ্রসাদ. *দণ্ডনীতি*. কলকাতা; সাহিত্য সংসদ, ১৯৯৮

মণ্ডল, দেবদাস. *ভারতীয় সামাজিক প্রতিষ্ঠান ও রাজনীতি*. কলকাতা; পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষৎ, ২০১৯

–. *গল্পে গল্পে রাজনীতির হাতে খড়ি*. কলকাতা; সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০১৮

শাস্ত্রী, গৌরীনাথ. *সংস্কৃত সাহিত্য সম্ভার* (খণ্ড৫). কলিকাতা; নবপত্র প্রকাশন, ১৯৭৮

Dasgupta, S. N. and S. K. Dey.A History of Sanskrit Literature (Classical Period). Vol.1. Calcutta: University ofCalcutta, 1977. (Rpt. of 1st ed. 1947)

Durgaprasad and Shivdatta. Ed. Úiúupâlavadha. Bombay: Nirnaya Sagar Press, 1917

Jha, Ganganath. Ed. & Eng. Trans. Kâvyaprakâúa. Delhi: Bhartiya Vidya Prakashan, 2005

Jowett, Benjamin. Trans. Aristotle's Politics. London: Forgotten Books, 2018

Kak, Ram Chandra and Harabhatta Shastri, Ed. Shishupalavadha. Srinagar: The Kashmir Marcantile Press, 1935

Keith, A.B. A History of Sanskrit Literature. New Delhi: Motilal Banarsidass, 2014 (rpt)

Krishnamachariar, M. History of Classical Sanskrit Literature. Delhi/ Varanasi/ Patna: Motilal Banarsidass, 1970

Ogburn, William F. and Meyer F. Nimkoff. A handbook of Sociology. London: K. Paul, Trench, Trumbner & co, 1947

Oppert, Gustav. Ed. Sukranitisara. Vol. I. Madras: The Government Press, 1882

Peterson, Peter and Pandit Durgaprasad. Ed. Subhâ?itâvalî of Vallabhadeva. Bombay: Education Society's Press, 1886

Roy, Protap Chandra. Ed. & Trans. The Mahabharata(Vol.II). Culcutta: Bharata Press, 1884

Shastri, Anantaram and Jagannath Shasrti. Ed. Úiúupâlavadha. Benares City: The Chowkhamba Sanskrit Series Office, 1923

Pandey, Umesh Chandra. Ed. & Trans. Yâjavalkyasmºti. Varanasi: Chaukhambha Sanskrit Sansthan, 1994

Modelling Inbound International Tourism Demand to India: An Econometric Approach

Amal Sarkar
Department of Economics
Narasinha Dutt College, Howrah
Email: para_165@rediffmail.com

The tourism industry generates foreign exchange. The inbound tourism receipts bring the foreign exchange, and it helps to maintain a macroeconomic stabilization in the economy. The role of tourism is important for the economic development of a country. In this background, the present paper aims to investigate the economic factors behind the inbound foreign tourism demand to India using the econometric technique. The data sources used in the present study are secondary in nature. The present study showsthat world per capita income is most dominant factor in explaining the behavior of foreign tourist demand for India. Further, the tourism price in India has negative and significant impact on tourism demand. The results also reveal that the terrorist attack on USA in 2001 had left negative impact on foreign tourism demand.

Keywords: *Tourism demand Model, Bound test, Cointegration, Elasticity.*

1. Introduction

The role of tourism is essential in the economic development of a country. The tourism sector employs a large number of people, both skilled and unskilled. Hotels, travel agencies, transport including airlines get benefits this industry. India is one of the popular tourist destinations in Asia. The first ever tourism policy of India was made in November 1982. The Planning Commission of India mentioned tourism as an industry in June 1982. The 7th fiveyear plan (1985-90) put emphasis on the development of tourism sector by promoting domestic and foreign tourism in India. The Incredible India campaign in 2002 was made to create a distinctive identity for the country. As consequence of the incentives and promotional efforts, the total tourist arrivals increased from 2.38 million in 2002 to 3.45 million in 2004, 5.77 million in 2010, and further 6.96 million in 2013. Tourism has now become a significant industry in India.

There exists a number of empirical studies on international tourism demand for different countries of the world (Algieri, 2006; Dritsakis, 2004; Kliman,1981; Mervar, 2007 etc.).Chaitip et.al. (2008) estimated the international tourist demand for India. But the result was inconsistent with respect to the price variable (exchange rate). The

present paper has made a modest attempt to formulate a suitable tourism demand model for India, and then to quantify the impacts of importantfactors on foreign tourists' inflows using econometric technique.

2. Tourism Demand Model

The tourism model in the present paper is based on the classical economic theory according to which the tourism demand is determined by the level of world per capita income, tourism price in India, and tourism prices in the substitute countries. In addition, one dummy variable has been incorporated in the model to measure the impact of terrorist attack on USA in 2001 on foreign tourist arrivals.

The tourism demand function can be expressed in the following manner:

$FTt = f(Yt,, Pt,, PSt,, DUM0102)$(1);

where: FTt = Numbers of foreign tourist arrivals to India in year t.

Yt = Per capita world income in the year t.

Pt = Tourism price in India in the year t.

PSt = Tourism prices in alternative destination countries in the year t.

D0102 = Dummy variable for 2001-02. It takes the value 1 for 2001-02; and 0 otherwise.

Above equation is expressed in linear form; and then transformed into natural logarithm:

$$LFTt = \alpha + \beta.LYt + \gamma.LPt + \delta.LPSt + \varepsilon.DUM + Ut \quad (2);$$

where, Ut = Error term in the year t. It has been assumed that the error term follows the properties of normality, homoscedasticity (constant variance) and non-autocorrelation (serial independence).

The co-efficient of variables (β, γ and δ) are constants measuring the responsiveness (elasticities) of tourist demand with respect to world per capita income, the domestic tourism price in Indiaand the tourism prices in alternative destination countries respectively; and the expected signs of $\beta > 0$, $\gamma < 0$, and $\delta > 0$ if alternative destination is the substitute country for foreign tourists or $\delta < 0$ if alternative destination is the complementary country for foreign touristscoming to India.

3. Methodology

Generally, the time series data suffers from the problem of non-stationarity. Inthat case, the application of conventional ordinary least square (OLS) method leads to spurious relation among variables in the model. So, in the present study, the econometric method namely cointegration technique has been applied to measure the long-run equilibrium relation among variables. The most well-known techniques of cointegration test are Engle-Granger residual based test (1987), Johansen-Juselius multivariate test (1990) and so on. However, these tests are not suitable for small sample study. The ARDL (Autoregressive Distributed Lag) based bound test is suitable for small sample studies. This method can be applied even when the variables follow the different orders of integration. In the present study, the ARDL methodology has been adopted (Pesaran and Shin, 1995). Following this approach, the general specification of the model described in the following manner:

$$dLFt = \alpha 0 + \beta 1\, LFt - i + \beta 2\, LYt - 1 + \beta 3\, LPt - 1 + \beta 4\ LPSt - 1 + \sum \gamma 1 d\, LFTt - i + \sum \gamma 2 d\, LYt - i + \sum \gamma 3 d\, LPt - i + \sum \gamma 4\, d\, LPSt - i + \delta\, D0102 + ut \quad (3);$$

where, 'd' represents the variables in difference form. In the above equation, the coefficients 'γs' and 'βs' are constants.

4. Database Analysis

The data sources used in the present paper are secondary in nature. The data on the aggregate foreign tourist arrivals in to India has been collected from India Tourism Statistics - 2013, published by the Ministry of Tourism, Government of India. As the data series on the tourism price in India is not available, it has been proxied by the consumer price index. We have selected four Southeast Asian countries as alternative tourist destinations. They are Indonesia, Malaysia, Singapore and Thailand. The composite tourism price in alternative destinations has been derived by averaging the consumer price indices of these countries, and these are collected from International Financial Statistics, IMF. The per capita income of the world (Y) has been collected from World Development Indicators of the World Bank. The overall sample period for the estimations ranges from 1981 to 2013. All results have been derived using the Micro-fit Computer Software (Pesaran and Pesaran, 2002).

Unit-root Test

As we deal with time series data, the unit root properties have been tested by augmented Dicky-Fuller statistics (ADF). The estimated values of ADF statistics on variables both in level and first difference form has been reported in Table 1. The two variables (LFTt and LPt) are non-stationary in level. However, when make ADF test for the same variables in first difference form, all variables are found to be stationary.

Table 1. ADF-Statistics with Trend for Unit Root Test

Variables	Level/First Difference	95% Critical value for ADF statistics = -3.5615	
LFT_t	Level	-2.1776	I (1)
	First Difference	-4.6025	I (0)
LY_t	Level	-3.8099	I (0)
	First Difference	-4.5378	I (0)
LP_t	Level	-1.9805	I (1)
	First Difference	-3.8682	I (0)
LPS_t	Level	-3.6312	I (0)
	First Difference	-6.0120	I (0)

Note: $I(r)$: r is the order of integration.

5.The Results from Estimations

5.1 Bound Test

In the bound testing approach to cointegration, the null hypothesis assumes that there does not exist any cointegration relation among variables. If the calculated value of F is greater than the upper bound, then the null hypothesis of no-cointegration is rejected. On the other hand, if the tabulated value of F is lower than the lower bound, then the null hypothesis of no-cointegration is accepted. The tabulated values of F-statistics have been reported in Table 2. As the tabulated value of F-statistics (7.350) is greater than the critical values of upper bound for F-statistics even at 1% significant level, it can be easily said that the there exists a long-run relationship between foreign tourism demand and its determinants.

Table. 2: Bounds Test for Cointegration Analysis

Critical Bounds at 1% level	F-statistics
Lower bounds, *I*(0):	2.482
Upper bounds, *I*(1):	3.472
Tabulated F-Statistics: $F(4,19)$= 7.350*	

*Note: The critical values of upper and lower bounds of F-statistics have been extracted from Nayaran, P. K. (2004). Reformulating Critical Values for the Bound F-statistics Approach to Cointegration: An Application to the Tourism Demand Model for Fiji. Discussion Paper, 04(02), Victoria, Australia: Department of Economics, Monash University.

5.2 Estimated Impact of Income and Price Changes on Tourism Demand (Elasticities)

The results for the long run elasticities are reported in Table 3. All the variables have their expected signs; and are statistically significant at 5 per cent level. The results indicate that the aggregate tourism demand is mostly influenced by world per capita income with elasticity of 4.59. This implies that the demand from touristswould increase by 4.59 per cent in response to one per cent increases in world per capita income. On the other hand, one per cent increase in tourism prices in India would reduce tourism demand by 0.9 per cent.

Table3. Estimated Elasticities using the ARDL Approach

Dependent variable: LTA_t;	Period: 1982-2013.	
Regressors	Elasticity	t-Ratio
Intercept	-28.42	-1.74
LY_t	4.59*	2.15
LP_t	-0.90*	-1.86
LPS_t	1.77*	1.94
Dum	-0.62*	-2.90

@ Note: (1) *: significant at 5 % level; (2) ARDL(1,0,0,0,0) selected based on Schwarz Bayesian Criterion.

The positive estimate of coefficient of tourism price in alternative destinations reveals that the chosen countries are substitute destinations to foreign tourists coming to India. One per cent increase in tourism prices in the substitute destination countries would increase tourism demand by 1.77 per cent.The lower value of own tourism price elasticity (-0.90) suggests that foreign tourists are less responsive to tourism price in India compare to that in substitute destinations (+1.77). The dummy variable carries the expected negative sign; and is statistically significant at 5 per cent level. This implies that the terrorist attack on USA in 2001 had left its adverse impact on tourism demand in India during 2001-02.

5.3 Diagnostic Test

The model has been checked by the several diagnostic tests like serial correlation of error terms, normality of error terms, functional form for the model, and heteroscedasticity of error terms (Table 4).

Table 4. Diagnostic Tests

Test Statistics	Tabulated Test Statistics	Critical values at 1 % level @
A.Functional Form	$F\,(1,21) = 2.170$	8.020
B.Serial Correlation	$CHSQ\,(1) = 2.584$	6.635
C.Normality	$CHSQ\,(2) = 4.466$	9.210
D.Heteroscedasticity	$F\,(1,26) = 0.715$	7.720

@The Critical values have been extracted from Tables A.7 & A.9, S.K. Bhaumik (2015). Principles of Econometrics: A Modern Approach Using Eviews. India: Oxford University Press.

To gauge whether the model is correctly specified or not, we apply the Ramsey (1969) regression equation specification error test. As the tabulated value of F-statistics (2.17) is less than the critical value at 1 per cent level, we can conclude that the prescribed model is well specified. The Lagrange multiplier (LM) test has been applied to test for auto-correlation of the error terms (Godfrey,1978). As the tabulated value of chi-square (2.58) is less than the critical value, the null hypothesis of no auto-correlation is accepted. Further, Jarque-Bera test (1980) has been applied here to test the null hypothesis of normality for the error terms. As the tabulated value of chi-square (4.46) is less than the critical value, the assumption of normality is accepted at 1 per cent significant level. Another assumption regarding error terms was that all have equal variances (homoscedasticity). This assumption has been tested using Goldfeld-Quandt statistics (1965). As the critical value of F statistics is greater than the tabulated value (0.71), the null hypothesis of homoscedasticity is accepted for the error terms.

Conclusions

Tourism is one of the fastest-growing activities in the world. In India, it has been recognized as the sector that can promote and accelerate the socio-economic development of our country, The tourism sector act as a supplier of foreign exchange earnings, foreign direct investment and local employment. From 2002 onwards, a significant increase in foreign tourist inflows has occurred in India. In this background, the present paper attempts to quantify the impacts of economic factors on foreign tourist arrival to India using econometric method. It helps us to estimate the sensitivity of tourism market to different factors like world income, tourism prices etc.

The functional specification of tourism demand model is well defined. The high value of income elasticity of tourism demand reveals that the tourist inflows to India is highly sensitive to world economic conditions. Further, as the tourism demand is elastic with respect to tourism prices in neighboring countries, India need to keep the relatively low level of inflation compare to that in substitute destination countries in order to reap the full economic benefits from international tourism. Finally,the study also shows that the external event like the terrorist attack on USA in 2001 had left significant negative impact on tourism demand.

References

Algieri, B. (2006). An econometric estimation of the demand for tourism: the case of Russia. Tourism Economics, 12(1), 5-20.

Chaitip, P., Chaiboonsri, C., &Rangaswamy, N. (2008). A Panel Unit Root and Panel Cointegration Test of the Modelling International Tourism in India. Annals of the UniversityPetrosani, 8(1), 95-124.

Engle, R.F.,& Granger, C.W.J. (1987). Cointegration and Error Correction: Representation, Estimation and Testing,Econometrica, 55(2), 251-276.

Dritsakis, N. (2004). Cointegration Analysis of German and British Tourism Demand for Greece. Tourism Management, 25 (1), 111-119.

Godfrey, L.G. (1978). Testing for Higher Order Serial Correlation in Regression Equations when the Regressor Contain Lagged Dependent Variables.Econometrica, 46(6),1303-1310.

Goldfeld, S.M.,&Quandt, R.E. (1965). Some Tests for Homoskedasticity.Journal of American Statistical Association, 60(310), 539-547.

Jarque, C.M.,&Bera, A.K. (1980). Efficient Tests for Normality, Homoscedascity and Serial Independence of Regression Residuals. Economic Letters, 6(3), 255-259.

Johansen, S.,&Juselius, K. (1990). Maximum Likelihood Estimation and Inference on Cointegration with Applications to the Demand forMoney.Oxford Bulletin of Economics and Statistics, 52(2),169-210.

Kliman, M. L. 1981. A Quantitative Analysis of Canadian Overseas Tourism. Transportation Research, 15 (6), 487-97.

Mervar, A.,& Payne, J.E. (2007). Analysis of Foreign Tourism Demand for Croatian Destinations: Long-Run Elasticity Estimates. Tourism Economics, 13(3), 407-420.

Pesaran, M.H.,&Pesaran, B. (2002). Working with Microfit 4.0: Interactive Econometric Analysis. Oxford: Oxford University Press.

Pesaran, M.H.,& Shin, Y. (1995).An Autoregressive Distributed Lag Modeling Approach to Cointegration Analysis. DAE Working Paper, 9514, Cambridge: Department of Economics, University of Cambridge.

Ramsey, J.B. (1969). Test for Specification Errors in Classical Linear Least Square Regression Analysis. Journal of the Royal Statistical Society, Series B (31), 350-371.

Water Supply System in Kolkata City-A brief history on its chronological developments, strategic plans and future aims

Amitava Pal

Deputy Chief Engineer(Civil), Water Supply Department
The Kolkata Municipal Corporation, Kolkata, West Bengal, India
Email: pal_amitava@rediffmail.com

Kolkata, erstwhile Calcutta, the former capital of British ruled India is one of the largest and populous metropolises of India. The city is basically divided into comparatively older northern & central parts and newly developed southern & eastern parts. The water supply of Kolkata Metropolitan Area (KMA) is primarily been serviced by two sources i.e. surface water from the perennial river of Hooghly and ground water sources.

Out of these two sources, the water from river Hooghly is being treated and supplied to a very limited portion of Kolkata Metropolitan Area (KMA) through the treatment plants except Kolkata, but majority of remaining KMA has to depend on the ground water source. In 1848, importance of pure and wholesome water supply to the city of Kolkata was given a top priority through proper legislation. In 1865, work of construction of 6 MGD water works started at Palta, situated 24 Km away from the northern side of Kolkata. Later, in 1905 supply was increased to 26.5 MGD by introducing pressure in gravity transmission pipe from Palta to Tallah. Since inception, the water supply system in Kolkata is continuously being strengthened, elaborated, modified, upgraded and augmented with modern technologies to supply safe and hygienic potable water to the doorsteps of the citizens. The overall system is characterized with water demand analysis vis-à-vis planning and implementation of resource development like addition of water treatment plants, reservoirs, pumping stations, primary, secondary and tertiary pipe network, efficient generation, transmission, distribution, water loss management, reservoir balancing, flow and pressure monitoring of water supply, leak detection and proper maintenance, timely restoration and management. With this effort, there is a gradual elimination of ground water extraction in time to come and augmentation of surface water throughout the city.

Keywords: *Water supply, Kolkata city, chronological development.*

1. Introduction

প্রথম বিশ্বযুদ্ধের ঠিক আগে সূচনা হলো বাস্তবতাবাদের প্রতিস্পর্ধী এক নান্দনিকতার, অভিব্যক্তিবাদ বা Expressionism-এর, যার আগ্রহ ছিল 'সাহিত্যে ও চিত্রকলায় বাহ্যিক জীবনের অপেক্ষা অভ্যন্তরীণ জীবনের মর্মোদ্ঘাটনে'। কিংবদন্তী চিত্রকর ভান গঘ ও নরওয়ের চিত্রশিল্পী

এডভার্ড মুঙ্ক ছিলেন এই অভিব্যক্তিবাদের পথিকৃৎ। ১৯১০ থেকে ১৯২৫ জার্মানি ও ইওরোপের অন্যত্র চিত্রকলা, নাটক ও চলচ্চিত্রে বাস্তববাদী আঙ্গিকে বীতরাগ এবং রোমান্টিকতার আঙ্গিকে অতৃপ্ত এই অভিব্যক্তিবাদী প্রস্থান শিল্পীর অন্তরের উপলব্বিকে অবাধে ব্যক্ত করতে চাইছিল আবেগ-অনুভব-স্বপ্নের ফ্রেমে, রূপক-প্রতীক-ফ্যানটাসির ব্যবহারে। জার্মান দার্শনিক বের্গসঁ ও আধুনিক মনঃসমীক্ষণের জনক ফ্রয়েডের অবচেতন ও স্বপ্নতত্ত্বের বিশেষ যোগদান ছিল Expressionism-এর ভাবনা ও প্রয়োগে। জার্মান নাট্য-আন্দোলনে প্রতিবাদী চেতনার নতুন আঙ্গিক হিসেবে অভিব্যক্তিবাদের প্রয়োগ করেছিলেন Georg Kaiser ও Ernst Toller এবং এরই পরিণতিতে দেখা দিয়েছিল ব্রেখটের 'এপিক থিয়েটার'। আমেরিকায় অভিব্যক্তিবাদের প্রভাব লক্ষ করা গিয়েছিলো ইউজিন ও'নীলের নাটকে। কাফকার জটিল, দুঃস্বপ্নতাড়িত আখ্যানে, আধুনিকতাবাদী জয়েসের চৈতন্যপ্রবাহী ইউলিসিস-এ এবং এলিয়টের রূপক-কাব্য দ্য ওয়েস্ট ল্যাণ্ড-এ এই প্রকাশবাদী মন্ময়তার আঙ্গিক লক্ষ করা গিয়েছিল।

১৯১৫ সালে জুরিখে ফরাসী- রোমানীয় আভঁ গার্দ কবি ত্রিস্তান জারা ও তাঁর সঙ্গী জার্মান লেখক হুগো বল সূচনা করেছিলেন বুর্জোয়া শিল্প-সংস্কৃতি বিরোধী এক নৈরাজ্যবাদী আন্দোলন যা 'ডাডাবাদ' নামে পরিচিত। প্রথাগত জীবনযাত্রা, ধর্মচেতনা, নীতি ও সৌন্দর্যবোধ ইত্যাদি সবকিছু ভেঙেচুরে ফেলাই ছিল ডাডাবাদীদের লক্ষ্য। ১৯১৬ থেকে ১৯১৯ প্যারিসের সঙ্গে সঙ্গে আমেরিকার নিউ ইয়র্কেও ডুক্যাম্প, ম্যানরে প্রমুখ ডাডাবাদী শিল্পীরা সক্রিয় ছিলেন। ১৯২০-তে দুটি গোষ্ঠী মিলে গিয়ে প্যারিসকেই ডাডাবাদীরা করে তোলেন তাঁদের চর্চাকেন্দ্র। ডাডাবাদের সঙ্গে যুক্ত উল্লেখযোগ্য কবি-লেখকদের মধ্যে ছিলেন আঁদ্রে ব্রেঁত, লুই আরাগঁ ও পল এলুয়ার।

১৯২২-এ ডাডাবাদ স্তিমিত হয়ে পড়লে দুই ডাডাবাদী, ব্রেতঁ ও আরাগঁ শুরু করেছিলেন পরাবাস্তবতার আন্দোলন 'সুররিয়ালিজম'। ১৯২৪-এ ব্রেতঁ প্রকাশ করেছিলেন প্রথম সুররিয়ালিস্ট ম্যানিফেস্টো। ১৯১৭ সালে কবি গীয়ম আপোলোনিয়ের 'surialiste' শব্দটি ব্যবহার করেন বাস্তবের সীমা অতিক্রমণের প্রয়াস বোঝাতে। যুক্তিশাসিত প্রত্যক্ষ বাস্তবতার সীমা পেরিয়ে মগ্নচেতনার যে এক অধি/পরা-বাস্তব জগৎ রয়েছে তার গভীর রহস্যকে উদ্ঘাটন করাই ছিল সুররিয়ালিস্ট চিত্রকলা, কবিতা ও চলচ্চিত্রের উদ্দেশ্য। মনস্তত্ত্বের ছাত্র ব্রেতঁ ফ্রয়েডীয় মনোবিকলনের তত্ত্বকে শিল্প-সাহিত্যে প্রয়োগের পরীক্ষায় নেমেছিলেন। ফ্রয়েডের স্বপ্ন-মনস্তত্ত্ব ও অবচেতনের ধারণা ছিল সুররিয়ালিস্ট আন্দোলনের ভিত্তিভূমি। স্বপ্ন ও বাস্তবের প্রচলিত বিরোধিতা নাকচ করে সুররিয়ালিস্টরা বললেন এক উচ্চতর বাস্তবের কথা যেখানে চিন্তা, কল্পনা, স্বপ্ন ইত্যাদি সব মিলেমিশে যায়। ডাডাবাদে যে বিপ্লবীয়ানার সূত্রপাত হয়েছিল, 'সুররিয়ালিজম' তাকে বিস্তৃতি দিয়েছিল চিত্রকলা ও সাহিত্যে, দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় পেরিয়ে ১৯৫০-এর দশক পর্যন্ত।

এরই মধ্যে ১৯২৫ সালে জার্মান শিল্প-সমালোচক Franz Roh তাঁর একটি গ্রন্থনামে 'ম্যাজিক রিয়ালিজম' অভিধাটি প্রথম ব্যবহার করেছিলেন। তিন চিত্রশিল্পী Max Beckmann, George Grosz ও Otto Dix আয়োজিত প্রদর্শনীর আলোচনায় Roh ব্যবহার করেন 'Magischer Realismus' শব্দবন্ধটি যার আপাতদৃষ্ট বৈপরীত্যে নিহিত ছিল এক ব্যতিক্রমী জীবনদৃষ্টি তথা সাহিত্যতত্ত্বের অঙ্কুর যার বীজের সন্ধান করেছি আমরা ইমপ্রেশনইজম থেকে একসপ্রেশনইজম, ডাডাইজম থেকে সুররিয়ালিজমের নানা গোত্রের অতি/অধি/পরা-বাস্তবতায়।

উদ্ভব, স্বরূপ ও বিস্তার

১৯৩০-এর দশক থেকে 'সুররিয়ালিজম'-এর আন্দোলনে যুক্ত ছিলেন কিউবার ঔপন্যাসিক আলেহো কার্পেন্তিয়ার। ১৯৪৯-এ তিনি তাঁর 'On the Marvelous Real in America' প্রবন্ধে লাতিন আমেরিকা ও তার সাহিত্য প্রসঙ্গে 'ম্যাজিক রিয়ালিজম'-এর তাৎপর্য ব্যাখ্যা করতে গিয়ে বলেন, 'After all– what is the entire history of America if not a chronicle of the marvelous real?' তিনি আরো বলেন যে এই 'marvelous real' হলো বাস্তবতার এক ভিন্নতর রূপ, ইউরোপীয় বাস্তববাদের সীমার বাইরে এক প্রতিস্পর্ধী বাস্তবতার বয়ান যা এক অ-রৈখিক বাস্তবের যাপনচিত্র তুলে ধরতে পারবে। এই ম্যাজিক বা মার্ভেলাস রিয়ালিজম বাস্তব ও কুহক কল্পনার এক আশ্চর্য মিশ্রণ, বস্তুনিষ্ঠ বাস্তব-নির্ভর আখ্যানের ভিতরে অবিশ্বাস্য অধিবাস্তব ঘটনার উপস্থিতি, স্বপ্ন-রূপকথা-পুরাণ-লোকগাথা ইত্যাদির ঐন্দ্রজালিক উপস্থাপন। কোনো কোনো মুহূর্তে বিশ্বাসযোগ্য বাস্তবের সীমানা ছাড়িয়ে যেন আখ্যান চলে যাচ্ছে খেয়ালিপনা ও উদ্ভট কল্পনার জগতে। ম্যাজিক এখানে বাস্তবকে বদলাতে চায়। কুমকুম সাঙ্গারি তাঁর 'The Politics of the Possible'-এ লিখেছেন—'marvellous realism must exceed mimetic reflection in order to become an interrogative mode that can press upon the real at the point of maximum contradiction.'

JOCAS
Journal of Commerce, Arts and Science
Volume: 4, Issue : 1, December 2021

অভিধার জন্ম ইওরোপে হলেও সাহিত্য-ভাবনা তথা শৈলি হিসেবে 'magic realism'-এর আত্মপ্রকাশ ঘটেছিলো লাতিন আমেরিকায়। কেন লাতিন আমেরিকাতে জন্ম নিয়েছিলো ম্যাজিক রিয়ালিস্ট সাহিত্য? প্রথমত, স্পেনের অধীনে ১৫৯২ থেকে ১৮১৯ পর্যন্ত দীর্ঘ ২২৭ বছরে লাতিন আমেরিকা ঔপনিবেশিক কদর্যতার এক প্রশস্ত লীলাভূমি হয়ে উঠেছিলো। দারিদ্র, সংকীর্ণতা, স্বেচ্ছাচার, ঘিঞ্জি বস্তি, দেহব্যবসা ইত্যাদিতে আকীর্ণ জনপদগুলির মানুষেরা হয়ে পড়েছিলো স্মৃতিহীন, অস্তিত্বহীন, অনিশ্চিত জীবনে গ্রস্ত। ইউরোপীয় সভ্যতা তাদের যাবতীয় মর্যাদা কেড়ে নিয়ে উপহার দিয়েছিলো লাঞ্ছনা ও নিগ্রহ, যা থেকে পরিত্রাণ পাওয়ার একমাত্র রাস্তা ছিলো প্রতিবাদ-শানিত বিদ্রূপ। দ্বিতীয়ত, লাতিন আমেরিকা হয়ে উঠেছিলো স্পেনীয়, আন্দুলিসিয়, রেডইন্ডিয়ান, আফ্রিকান ইত্যাদি একাধিক প্রাচীন জাতি-উপজাতির মানুষের যাপনক্ষেত্র। ক্রীতদাস হিসেবে বা পেটের দায়ে আসা এইসব মানুষদের সঙ্গে এসেছিলো তাদের স্বতন্ত্র অতিকথা, উপকথা, কল্পকাহিনী, ধর্মীয় বিশ্বাস ও বহুবর্ণময় আশ্চর্য সব রূপকথা, যেগুলি দিয়েছিলো সমাজ ও রাজনীতির অত্যাচার-অনাচার-উৎকেন্দ্রিকতাকে তুলে ধরার এক অদ্ভুত দৃষ্টিভঙ্গি তথা আঙ্গিক। ম্যাজিক রিয়ালিস্ট লেখকদের মধ্যে সর্বাগ্রগণ্য গার্সিয়া মার্কেজ এক সাক্ষাৎকারে বলেছিলেন, 'আমরা বাস্তবের সাথে বোঝাপড়া করতে স্বভাবতই অনেক অবাস্তবতার হাত ধরি, যাদু, প্রটেম, টেলিপ্যাথি, প্রিমোনিশন্স, অনেক অনেক অন্ধবিশ্বাস আর অদ্ভুতুড়ে ভাবনার। এভাবে কাল্পনিক পদ্ধতিতে বাস্তবের মোকাবিলা করার ব্যাপারটি খুবই স্বাভাবিক বোধ হয়।' মার্কেজ আরো বলেছিলেন, 'আমাদের রিয়ালিটি আলাদা। আমরা জাদুতে বিশ্বাস করি, প্রেতাত্মা ঘুরে বেড়াতে দেখি। তাতে আপনাদের কী? সব সময় আপনাদের ওই ইউরোপীয় যুক্তিবাদের অঙ্ক দিয়ে ভাবতে হবে না কি?' কার্পেন্তিয়ার ১৯৪৯-এ প্রকাশিত El reino de este mundo (The Kingdom of this World) উপন্যাসের মুখবন্ধে ব্যবহার করেছিলেন 'lo real maravilloso americano' (the real marvelous American) শব্দবন্ধটি, লাতিন আমেরিকার অতিলৌকিকতার কুহকমণ্ডিত ভৌগোলিক-প্রাকৃতিক-সাংস্কৃতিক জীবনবাস্তবকে বোঝাতে।

ক্রমে বিশ্বের নানা ভাষার সাহিত্যে জাদুবাস্তবতা বিস্তার লাভ করেছে কারণ ঔপনিবেশিক শাসন-পীড়নের ক্লেদ ও পণ্যায়নের অর্থনীতি-রাজনীতি শুধু লাতিন আমেরিকাকেই বঞ্চনার পাঁকে নিমজ্জিত করে নি। বিশ্বে যেখানেই ঔপনিবেশিকতার ক্লেদাক্ত পদচিহ্ন পড়েছে সেখানেই উপনিবেশবাদী সংস্কৃতির প্রতিস্পর্ধায় সময়ান্তরে সৃষ্টি হয়েছে ম্যাজিক রিয়ালিজমের পোস্টকলোনিয়াল ডিসকোর্স। নিছক বস্তুনিষ্ঠ বাস্তবতাকে অতিক্রম করে, রূপকথা, অতিকথা, লোকগাথা ইত্যাদিকে আশ্রয় করে জাদুবাস্তবতা নানাভাবে সামাজিক-মানবিক দায় ও মূল্যকে তুলে ধরতে চেয়েছে। উত্তর-উপনিবেশবাদী ডিসকোর্স হিসেবে ম্যাজিক রিয়ালিজমের চর্চা বিশেষ বিস্তার লাভ করে ১৯৬৭ সালে কলম্বিয়ার লেখক গার্সিয়া মার্কেজের One Hundred Years of Solitude প্রকাশিত হওয়ার পর। এই রীতির অন্যান্যদের মধ্যে উল্লেযোগ্য কিউবার লেখক কার্পেন্তিয়ার, আরজেনটিনার বর্হেস, চেক লেখক মিলান কুন্দেরা, জার্মান লেখক গুন্টার গ্রাস, ব্রাজিলের পাওলো কোয়েলো, ভারতীয় ইংরেজ লেখক সালমন রুশদি, তুরস্কের ওরহান পামুক প্রমুখ। নানা দেশ নানা ভাষার নানা লেখক নানা মাত্রায় 'ম্যাজিক রিয়ালিজম'- কে করে তুলেছেন তাঁদের জীবনদৃষ্টি, প্রকরণ ও প্রতিবাদী লিখন-কৌশল।

J. A. Cuddon তাঁর Dictionary of Literary Terms and Literary Theory - তে 'ম্যাজিক রিয়ালিজম'-এর যে আঙ্গিকগত বৈশিষ্ট্য উল্লেখ করেছেন সেগুলি এইরকম—
ক) বাস্তব, ফ্যানটাসি, উদ্ভটের মিশ্রণ বা সহাবস্থান; খ) চকিত সময় বদলের নৈপুণ্য; গ) ন্যারেটিভ বা প্লটের বিভিন্ন অংশ একত্রে পাকানো বা গোলকধাঁধার প্লট; ঘ) স্বপ্ন-মিথ-রূপকথার ব্যবহার; ঙ) প্রকাশবাদী ও পরাবাস্তববাদী বর্ণনা; চ) রহস্যময় পাণ্ডিত্য; ছ) সহসা চমকসৃষ্টির উপাদান; জ) আতঙ্কময় ও অব্যাখ্যেয়-র উপস্থিতি।

'নিঃসঙ্গতার একশ বছর' এবং 'কলেরার মরশুমে প্রেম' সহ সাতটি ব্যতিক্রমী উপন্যাস এবং বেশ কিছু ছোটগল্প ও অন্যান্য গদ্যের রচয়িতা নোবেলজয়ী কলম্বিয়ান লেখক গ্যাব্রিয়েল গার্সিয়া মার্কেজ জাদুবাস্তবতার জনকপ্রতিম রূপকার বলে স্বীকৃত। ১৯৮২-তে নোবেল কমিটির মন্তব্যে বলা হয়েছিলো যে মার্কেজ নির্মাণ করেছেন 'a cosmos in which the human heart and the combined forces of history, time and again, burst the bounds of chaos.' এই মন্তব্যের আলোকে আমাদের বুঝতে হবে কিভাবে প্রেম-নিঃসঙ্গতা-মৃত্যুর আশ্চর্য বয়ান নির্মাণে মার্কেজ মিলিয়ে দিয়েছেন যাপিত বাস্তব ও পরাবাস্তবতাকে, হৃদয়বৃত্তি ও সময় তথা ইতিহাস চেতনাকে, জীবনের তুচ্ছ ও সরল অভিজ্ঞতার সঙ্গে অতিকথা আর কল্পনাকে। অবশ্য কল্পনার যে কুহকমায়ার জন্য মার্কেজ বিশ্ববন্দিত তাকে তিনি অবাস্তব বা অতিবাস্তব বলে স্বীকার করেন নি, বরং ক্যারিবীয় বাস্তবতার প্রতীয়মান বৈশিষ্ট্য বলেই চিহ্নিত করেছেন।

মার্কেজের জনপ্রিয়তম এপিক আখ্যান One Hundred Years of Solitude পঁয়ত্রিশটিরও বেশি ভাষায় তর্জমা হয়েছে এবং বিক্রি হয়েছে পাঁচ কোটিরও বেশি, যে বইকে আর এক স্বনামধন্য নোবেলজয়ী, চিলির কবি পাবলো নেরুদা, অভিহিত করেছেন 'the greatest revelation in the Spanish language since the Don Quixote of Cervantes' বলে। কলম্বিয়ার ক্যারিবীয় উপকূলের আরকাতাকা গ্রাম যেখানে ১৯২৭-এ জন্মেছিলেন লাতিন আমেরিকার সর্বজনপ্রিয় 'গাবো', মার্কেজের আখ্যানে সেই আরকাতাকাই যেন জাদুবাস্তবের অলীক আরশিনগর 'মাকোন্দো'। পাঁচ দশক ধরে মার্কেজ ছিলেন মাকোন্দোর মত আশ্চর্য ঐশ্বর্যশালী লাতিন আমেরিকান সাহিত্যের পিতৃপ্রতিম বুয়েন্দিয়া। তার মানুষদের স্মৃতি-আবেগ-বিশ্বাস-কল্পনা-কুসংস্কার-ব্যর্থতা-বেদনা-হিংসা-প্রেম-উপকথা-রূপকথা ইত্যাদি সবকিছুর অভিনব ইতিবৃত্তকার। মার্কেজের জাদুবাস্তবতার আদ্যাপীঠ মাকোন্দো আত্মপ্রকাশ করেছিলো তাঁর প্রথম নভেলা 'পাতার ঝড়' বা Leaf Storm (১৯৭২)-এ, মূল যে রচনাটি La Hojarasca নামে বেরিয়েছিল ১৯৫৫ সালে। সদ্য গৃহযুদ্ধ-তাড়িত জনপদ মাকোন্দোর এক নিঃসঙ্গ আত্মঘাতী ডাক্তারের যথাযথ অন্ত্যেষ্টি দিতে উদ্যোগী এক বৃদ্ধ কর্নেল, কর্নেলের মেয়ে ইসাবেল ও ইসাবেলের ছেলেকে নিয়ে, বহুস্বর কথনরীতি ও চৈতন্যপ্রবাহের আঙ্গিকে, নিঃসঙ্গতা ও মৃত্যুর এই আখ্যান। একটি দিনের মাত্র আধ ঘন্টার সময়সীমায় একটি ঘরের সীমাবদ্ধ পরিসরে এই আখ্যান গড়ে উঠেছিলো বয়ানের বহুমাত্রিকতা ও কালিক বিপর্যাসের জাদুবাস্তবধর্মী বৈশিষ্ট্যে।

One Hundred Years of Solitude একশ' বছরের সময়সীমায় লোকালয়-বিচ্ছিন্ন জনপদ মাকোন্দোয় বুয়েনদিয়া পরিবারের সাত প্রজন্মের কাহিনি, নিঃসঙ্গতায় যার শুরু এবং নিঃসঙ্গতায় শেষ। নদী-তীরে গড়ে ওঠা অলীক জনপদ মাকোন্দোর প্রতিষ্ঠাতা হোসে আরকাদিও বুয়েনদিয়া যে তার স্ত্রী উরসুলাকে নিয়ে কলম্বিয়া থেকে চলে এসেছিল হোসে আরকাদিওকে নির্বীর্য অপবাদ দেওয়া জনৈক প্রুডেনসিওকে হত্যা করে। তার স্বপ্নে দেখা মাকোন্দো পত্তন করেছিল, বহির্জগৎ থেকে বিচ্ছিন্ন যে জনপদ বহু বছর ধরে হয়ে উঠেছিল আশ্চর্য নানা ঘটনার এক ইউটোপিয়া। ফি বছর সেখানে আসতো একদল জিপসী, ম্যাজিক দেখাতো; দেখাতো চুম্বক, দূরবীণ, বরফের মতো বিজ্ঞানের নানা বিস্ময়। জিপসীদের একজন, প্রাজ্ঞ মেলকিয়াদেস-এর সঙ্গে বন্ধুত্ব হয় হোসে আরকাদিওর। সে জিপসীদের দেখানো নানা রহস্য নিয়ে ভাবতে ভাবতে প্রায় উন্মাদ হয়ে ওঠে, গ্রাম ছেড়ে চলে যেতে চায়। উরসুলা কোথাও যাবে না কারণ এখানেই সে একটি ছেলে পেয়েছে। মাকোন্দোয় তখনও কেউ মারা যায় নি বলে কোনো সমাধিক্ষেত্রও নেই। কেবলই লাতিন ভাষায় কথা বলতে থাকা প্রায়োন্মাদ হোসে আরকাদিওকে তার পরিবারের লোকেরা একটি গাছের সঙ্গে বেঁধে রাখে অনেক বছর। মৃত্যু হয় তার। তার বড় ছেলে হোসে বাবার মতো বলশালী ও আবেগপ্রবণ, আর ছোট ছেলে আউরেলিয়ানো বাবার মতো রহস্যসন্ধানী। উরসুলা তার হারানো বড় ছেলেকে খুঁজে ফিরে আসার সময় নিয়ে আসে একদল বিদেশিকে যারা বিক্রি করতে শুরু করে নানা পশরা। শুরু হয়ে যায় মাকোন্দোর সঙ্গে বিদেশিদের যোগাযোগ।

মাকোন্দো ক্রমে হয়ে ওঠে আকর্ষণীয় বাণিজ্যকেন্দ্র, যেখানে আসে ইয়াঙ্কিরা, কলাখামারের মুনাফার সুযোগে ফুলেফেঁপে ওঠে। সাম্রাজ্যবাদী পুঁজির আধিপত্যে মাকোন্দো বদলে যায়, এসে যায় ট্রেন, বিদ্যুৎ, মদ, খাবার, দেহপসারিনি। শ্রমিকরা ধন উৎপাদন করলেও পড়ে থাকে নিচুতলায়, কলাকারবারীদের সুরম্য অট্টালিকা থেকে দূরে। বোয়েনদিয়া পরিবারের সঙ্গে বিদেশি শ্বেতাঙ্গদের সখ্য গড়ে ওঠে, উৎসব আর আনাগোনা চলতে থাকে। নির্বাচনকে কেন্দ্র করে গৃহযুদ্ধ শুরু হয় মাকোন্দোয়। আউরেলিয়ানো বুয়েনদিয়া হয়ে ওঠে এই গৃহযুদ্ধের এক বিদ্রোহী নায়ক কর্নেল আউরেলিয়ানো। দীর্ঘ গৃহযুদ্ধ-পর্বের হত্যা-হিংসা-সরকার পরিবর্তনের শেষে সন্ধিচুক্তি সম্পাদিত হয়। সামাজিক-রাজনৈতিক সংঘাত তীব্র আকার নেয় কলম্বিয়ার সেনাবাহিনীর হাতে ধর্মঘটী কলাখামারের শ্রমিকদের নির্বিচার গণহত্যায়। প্রবল বৃষ্টি নামে মাকোন্দোয়, অবিরাম বর্ষণ চলে প্রায় পাঁচ বছর। অজাচার ও ব্যভিচারে একে একে মৃত্যু হতে থাকে বুয়েনদিয়া পরিবারের সদস্যদের। আউরেলিয়ানো বাবিলোনিয়া উদ্দাম কামনায় অজাচারে লিপ্ত হয় মাসি আমারান্তা উরসুলার সঙ্গে। তাদের শুয়োরের লেজ নিয়ে জন্মানো সন্তান মারা যায়, বাঁচে না তার মা'ও। একা বন্ধ ঘরে আটকে পড়ে আউরেলিয়ানো বাবিলোনিয়া। আর এইসময়ই ভয়ানক ধুলিঝড়ে ধ্বংস হয়ে যায় মাকোন্দো। উল্লম্ব সময় আর আনুভূমিক বাস্তবের কৌণিকতায় গড়ে উঠেছে জাদুবাস্তবতার এই এপিক আখ্যান, প্রজন্ম থেকে প্রজন্মান্তরের অগুনতি চরিত্র-ঘটনা, লৌকিক-অলৌকিক-উদ্ভটের আশ্চর্য নন-লিনিয়ার বয়নের অবিশ্বাস্য বিশ্বস্ততায়।

১৯৫৮ সালে সাংবাদিকতার পেশায় নিযুক্ত মার্কেজ তাঁর বন্ধুদের কাছে ব্যক্ত করেছিলেন এক স্বৈরশাসককে নিয়ে একটা বই লেখার ইচ্ছা। তাঁর নিজের দেশে একনায়কতন্ত্রী শাসক গুস্তাভো রোহাস্ পিনাইয়ার স্বৈরশমনে 'এল্ এসপেক্তাদোর' বন্ধ হয়ে

JOCAS
Journal of Commerce, Arts and Science
Volume: 4, Issue : 1, December 2021

গেলে 'গাবো' তখন কলম্বিয়া ছেড়ে ইওরোপে। দেখেছিলেন আর এক স্বৈরশাসক, ভেনিজুয়েলার মার্কোজ পেরেজ জিমেনেজের পতন। তারও অনেক আগে ইতিহাস লাঞ্ছিত হয়েছিল জেনারেল ফ্রাঙ্কোর অপকীর্তিতে। ১৯৬৮-তে মার্কেজ লিখতে শুরু করলেন El otono del patriarca / The Autumn of the Patriarch, এক আর্কিটাইপ্যাল স্বৈরশাসকের ক্ষমতার ভয়াবহ নিঃসঙ্গতার ম্যাজিক-রিয়ালিস্ট আখ্যান, যে শাসক বেচে দেয় সমুদ্র, বেচে দেয় হৃদপিণ্ড ও রক্তকে টুকরো করে আমেরিকাকে। লম্বা প্যারাগ্রাফে, তিন-চার পৃষ্ঠাব্যাপী সুদীর্ঘ বাক্যে, সময়ের অনুক্রম ভাঙা ও পাল্টে পাল্টে যাওয়া কথনভঙ্গির এক কাব্যগুণান্বিত গদ্যে মার্কেজ নির্মাণ করেছিলেন এক তীব্র পলেমিক, স্বেচ্ছাচারিতা ও বিকারগ্রস্ত নিঃসঙ্গতার এক রূপকবৃত্তান্ত।

১৯৮১ থেকে মেক্সিকো ছিলো মার্কেজের স্থায়ী ঠিকানা। ঐ বছরই বেরিয়েছিলো তাঁর সাংবাদিকতাধর্মী নভেলা 'Chronicle of a Death Foretold'। সত্য ঘটনা অবলম্বনে 'অনার কিলিং'-এর এক নন-লিনিয়ার ন্যারেটিভ। শেষ থেকে শুরুতে চলা প্লটের উজানী প্রবাহে ঘটনা ও কল্পনার বিভ্রান্তিকর মিশেলে জাদুবাস্তবতার স্পর্শ টের পাওয়া যায়। ছোটবেলায় দিদার কাছে শুনেছিলেন বারো বছরের এক জাদুবালিকার গল্প, যার মাথার তামাটে চুল বেড়ে যাচ্ছিলো মৃত্যুর পরেও। 'Of Love and Other Demons' ছিলো সেই অলীক বাস্তবের কাহিনি।

একশ বছরের নিঃসঙ্গতার ঐন্দ্রজালিক ভাষ্যকার চলে যেতে চেয়েছিলেন রৈখিক ও বস্তুযুক্তি-নির্ভর বাস্তবতার প্রতিস্পর্ধায় এক চিরজায়মান মাকোন্দোর দিকে। আমাদের জন্য রেখে যেতে চেয়েছিলেন এক দূর-সম্ভাবনার হাতছানি—'A new and sweeping utopia of life, where no one will be able to decide for others how they die, where love will prove true and happiness be possible, and where the races condemned to one hundred years of solitude will have, at last and forever, a second opportunity on earth'.

বাংলা সাহিত্যে জাদুবাস্তবতা : একটি কুণ্ঠিত অবতরণিকা

ইওরোপীয় সভ্যতা যেমন গড়েছে অনেক, ভেঙেছেও অনেক কিছু। সাম্রাজ্যবাদী-উপনিবেশবাদী আগ্রাসনের হিংসা-রক্তপাত-অত্যাচারের কাহিনি চাপা দিতে চেয়েছে উপরিতলের রুচিশীলতার আড়ালে। লাতিন আমেরিকার মানুষ ইওরোপের সেই বর্বরতা ভোলেনি। তাই তাদের উদ্ভাবিত সাহিত্যরীতি magic realism মূলত ইওরোপীয় ডিসকোর্সের বিরোধিতায় এবং স্বদেশের স্বার্থে নতুন জনদরদী সরকার গড়ার স্বপ্নভঙ্গের জ্বালায় এক শ্লেষাত্মক রাজনৈতিক প্রতিস্পর্ধা। বাংলা সাহিত্যে জাদুবাস্তবতা বিষয়ে আলোচনা করতে গেলে মনে রাখতে হবে যে ঔপনিবেশিক বাংলাও প্রত্যক্ষ করেছে সাগরপারের সাদা চামড়ার প্রভুদের অত্যাচার ও আধিপত্য, ভোগ করেছে তাদের ছেড়ে যাওয়া ঔপনিবেশিক আবর্জনা, যা যুগ যুগান্তরে সংক্রমিত করেছে অস্তিত্বহীনতা ও স্মৃতিহীনতার অভিশাপ, যার সাথে রাজনৈতিক দৃষ্টিভঙ্গি স্বাভাবিকভাবেই জড়িত।

ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়ের উদ্ভট রসের উপন্যাস 'কঙ্কাবতী' বাংলা সাহিত্যে প্রথম জাদু ও বাস্তবতার মিশ্রণের উল্লেখযোগ্য দৃষ্টান্ত। দুটি পর্বের এ-কাহিনির প্রথম পর্বে প্রকৃত ঘটনা ও বাস্তবের জগৎ আর দ্বিতীয় পর্বে অসম্ভব উদ্ভটত্বের জগৎ। এই লেখার প্রশংসা করতে গিয়ে রবীন্দ্রনাথ জাদুবাস্তবের মূল সুরটি ছুঁয়েছিলেন; 'লেখক অতি সহজে সরল ভাষায় আমাদের কৌতুক এবং করুণা উদ্রেক করিয়াছেন এবং বিনা আড়ম্বরে আপনার কল্পনাশক্তির পরিচয় দিয়াছেন। গল্পটি দুই ভাগে বিভক্ত। প্রথম ভাগে প্রকৃত ঘটনা এবং দ্বিতীয় ভাগে অসম্ভব অমূলক অদ্ভুত রসের কথা। এইরূপ অদ্ভুত রূপকথা ভাল করিয়া লেখা বিশেষ ক্ষমতার কাজ। অসম্ভবের রাজ্যে যেখানে কোনো বাঁধা নিয়ম কোনো চিহ্নিত রাজপথ নাই, সেখানে স্বেচ্ছাবিহারিণী কল্পনাকে একটি নিগূঢ় নিয়মপথে পরিচালনা করিতে গুণপনা চাই।' প্রচলিত রূপকথার পুনর্নির্মিত এই আখ্যানে পিতৃতান্ত্রিক বঙ্গসমাজে পীড়িতা কঙ্কাবতী তার স্বপ্নে দেখা এক সমান্তরাল রাস্তা খোঁজে বেঁচে থাকার। বাস্তব বিপদের রূপ ধরে আসে নাকেশ্বরী রাক্ষসী, ভুত-প্রেত, কথা বলে পশুপাখির দল। কঙ্কাবতীর গল্প তো এক স্বপ্নই আর তাই জাদুবাস্তবের 'dream-like element' হিসেবে আসে রূপকথা, উপকথা, রাক্ষস-খোক্ষস, শিকড়ের গুণে বাঘ হয়ে যাওয়া মানুষ। লৌকিক-অতিলৌকিক-অলৌকিক, স্বপ্ন-বাস্তব-আজগুবির বেড়াভাঙার খেলায় লাতিন-আমেরিকান ম্যাজিক রিয়ালিজমের সঙ্গে তুলনীয় জাদু ও বাস্তবের এক মিশ্র সংস্করণ পেশ করেছিলেন ত্রৈলোক্যনাথ তাঁর 'লুল্লু' আর 'ডমরুচরিত'-এর গল্পগুলিতেও।

ঔপনিবেশিক আধুনিকতার কৃৎকৌশলের বিপরীতে দেশজ সংহিতায় এই যে প্রতিরোধী আয়ুধ নির্মাণ করেছিলেন ত্রৈলোক্যনাথ, পরবর্তীতে তাকে গ্রহণের আগ্রহ দেখান নি বাংলা ভাষার লেখকরা। অসামান্য দার্শনিক বোধসম্পন্ন রবীন্দ্রনাথ এবং দরদী কথাশিল্পী শরৎচন্দ্রের কলমে জমিদারতন্ত্র ও সাধারণ জীবনের কথা থাকলেও দেশজ পরম্পরা নির্ভর কোনো প্রতিবাদী

বয়ান ছিল না, ছিল না প্রান্তিক জীবনের অতীত ঐতিহ্য তথা মিথ-পুরাণের ঐন্দ্রজালিক উপস্থিতি। ঔপনিবেশিকতার অভিঘাত ও তার ফলশ্রুতিতে প্রান্তিক জীবনের কোনো প্রতিবাদী গ্রন্থনা বিভূতিভূষণেও নজরে আসে নি। তারাশঙ্করের 'হাসুলিবাঁকের উপকথা' ও 'নাগিনী কন্যার কাহিনী'- তে ব্রাত্যজীবন ও লোকায়ত সংস্কৃতির কথা থাকলেও বাস্তবের রুক্ষতা অতিক্রম করতে সেই লোকায়ত ব্যবহৃত হয় নি। বাস্তববাদী মানিক বন্দোপাধ্যায় কোথাও কোথাও পরাবাস্তবতা ও কল্পবাস্তবতার আঙ্গিক ব্যবহার করে থাকলেও প্রতিবাদী আয়ুধ রূপে তিনি মিথ-পুরাণ-স্বপ্ন-স্মৃতিকে ব্যবহার করেন নি। কল্লোলীয় বাস্তবতার আধুনিকতায় বৈচিত্র্য ও স্বাতন্ত্র্যের অভাব না থাকলেও ঔপনিবেশিকতার প্রতিস্পর্ধায় দেশীয় ঐতিহ্য ও কল্পনার তেমন কোনো সূত্র নজরে আসে নি। তিরিশের শুরুতে 'কারুবাসনা' ও চল্লিশের শেষে 'জলপাইহাটি'-তে জীবনানন্দ বাস্তব আর পরাবাস্তবের একটা সীমানা নিরূপণের চেষ্টা করেছিলেন।

পঞ্চাশের দশক ও তার পরবর্তীতে বাংলা কথাসাহিত্যে ইতিহাস-চেতনা সম্পন্ন লোকজীবনের বাস্তবতা আমরা পাইনি এমন নয়। তবে বাস্তবতার সীমা পেরিয়ে জাদুবাস্তবের পরিসরে উত্তরণ তেমন লক্ষ করা যায় নি। রমাপদ চৌধুরীর 'বনপলাশীর পদাবলী', অতীন বন্দ্যোপাধ্যায়ের 'নীলকণ্ঠ পাখির খোঁজে', প্রফুল্ল রায়ের 'কেয়াপাতার নৌকো' ইত্যাদিতে ব্রাত্যজীবন ও সাংস্কৃতিক পরম্পরার চিত্র থাকলেও জাদুবাস্তবতার প্রতিরোধী আঙ্গিক সেভাবে দেখা যায় নি। এরও পরে 'মহিষকুড়ার উপকথা' ও 'চাঁদবেনে'-তে অমিয়ভূষণ সচেতন প্রয়াসে নিজেকে বাস্তবতার নিগড় থেকে লোককথার পুনর্নির্মাণে মুক্ত করতে চেয়েছিলেন। এরই মধ্যে ষাটের দশকে 'হাংরিয়ালিস্ট'দের বিদ্রোহী প্রক্ষোভ থেকে জন্ম নিয়েছিল জাদুবাস্তবতার এক প্রারম্ভিক রূপ, মলয় ও সমীর রায়চৌধুরী এবং বাসুদেব দাশগুপ্ত, সন্দীপন চট্টোপাধ্যায় প্রমুখের হাতে, যাঁরা এক inverted reality কে জাদুর মিশ্রণে ঐন্দ্রজালিক বাস্তবতায় পরিণত করতে চাইলেন। ইতিমধ্যে মার্কেজ লিখলেন One Hundred Years of Solitude এবং ঐ বছরই শ্যামল গঙ্গোপাধ্যায় লিখেছিলেন 'কুবেরের বিষয় আশয়'। ১৯৮১-তে লেখা হয়েছিল রুশদি'র Midnight's Children। দুই বাংলার গল্প-উপন্যাসে ম্যাজিক রিয়ালিজম-এর কোটাল এল ১৯৮২-তে মার্কেজের নোবেলপ্রাপ্তির উত্তরকালে।

শ্যামল গঙ্গোপাধ্যায়ের 'কুবেরের বিষয় আশয়' (১৯৬৭) প্রথম বাংলা ম্যাজিক রিয়ালিস্ট উপন্যাসের স্বীকৃতি দাবি করতে পারে। একই বছরে প্রকাশিত One Hundred Years of Solitude-এর লেখক মার্কেজের সাম্রাজ্যবাদ-প্রতিরোধী বয়ান এখানে না থাকলেও, শহর থেকে দূরে কদমপুর গ্রামে প্রকৃতির সঙ্গে মিলেমিশে থাকা দারিদ্র-পীড়িত গ্রামজীবন, জমি ঘিরে কুবেরের স্বপ্ন, মেদনমল্লের দুর্গে ডানা মেলে ওড়ার এক অলৌকিক জগৎ, একাকী কুবেরের সঙ্গী রাত-জ্যোৎস্না, নদীর জল আর গাছের ছায়া ইত্যাদি আশ্রয় করে শ্যামলের আখ্যান সমস্যাসংকুল বাস্তব থেকে উত্তীর্ণ হতে থাকে প্রকৃতি থেকে অতিপ্রাকৃত জাদুর রহস্যময় কল্পনার হাতছানিতে। কিন্তু স্বপ্নের কারবারি কুবেরকে অর্থলিপ্সা ও অবৈধ লালসা গ্রাস করলে প্রকৃতি নিশ্চুপ থাকে না। মেদনমল্লের ধানক্ষেতে মড়ক লাগে। স্ত্রী-পুত্র-সংসার ছেড়ে অবৈধ সংসর্গে মত্ত কুবের তার বিষয়-আশয় ও স্বাস্থ্যের চরম ক্ষতি স্বীকার করে ফিরে আসে কদমপুরে। চাঁদনি রাতে ফিরে যায় পুরনো মনুষ্যেতর বন্ধুদের কাছে, কথা বলে তরতর করে চলতে থাকা সাপের সঙ্গে, আবছা অন্ধকারে তাকে চিনতে পেরে লেজের চামর বুলিয়ে আদর করে মূলতানী গাইটি। স্ত্রী বুলুকে ছেড়ে আভাকে নিয়ে পালিয়ে যাওয়া কুবের চিনতো খেঁজুর তলার বাঁ হাতে সাপের বাসা। তাই শিস দিয়ে ডেকে আলাপ জমাতে চেয়েছিলো তার সাথে। তাকে ডেকেছিলো খুব অনুনয় করে 'আভা, আভা' বলে। গর্ত থেকে বেরিয়ে 'আভা' নির্ভুল ছোবল দিয়েছিল কুবেরকে। পায়ে কষে বাঁধন দিয়ে ঝিমঝিম বিষঘোরে কোনোক্রমে দাঁড়িয়ে কুবের দেখ তে পায় সার সার তালগাছের কোলঘেঁষা এক বিরাট নীল চাঁদ। একটা মই লাগিয়ে ওপরে উঠতে থাকে চাঁদ ধরবে বলে। এভাবেই জাদুবাস্তবতার কুহক লাগে কেবল মৃত্যুপথযাত্রী কুবের নয়, লাগে পাঠকেরও চোখে;'মইয়ের প্রায় শেষ কাঠিতে পা রেখে কুবের চাঁদ পেয়ে গেল। মাথার ওপরে হাওয়ায় ঝুপসি তাল পাতাসুদ্ধ কাঁটাতোলা ডালগুলো নড়ছে। নীচে তাকালেই মাঠভর্তি ধান, আধখানা দীঘি জুড়ে জ্যোৎস্নায় পদ্ম ফুটে আছে; সারি দিয়ে দাঁড়ানো পরীদের যে কেউ এক্ষুনি উড়ে যেতে পারে। [...] হাতের একটা আঙুল চাঁদের এক কোণে লাগাতেই ডেবে গেল। খুব সাবধানে আরেক কাঠি উঠে কুবের ডান হাতখানা চাঁদের ওপর চেপে ধরল। সঙ্গে সঙ্গে কনুই অব্দি গেঁথে গেল। অনেক কষ্টে টাল সামলে নিলে কুবের। এতবড় একটা জিনিস। তার সবটা জুড়েই নীল মাখনের কোটিং। তার উপর দিয়ে নীলচে আলো গলে পড়ছে। এখান থেকেই জ্যোৎস্না হয়। [...] মাখনের নীচে ডান হাত দিয়ে কুবের চাঁদের গায়ের শক্ত কিছু ধরতে চাইল। চাঁদ বড় স্লিপারি।' এর পরবর্তীতে লেখা শ্যামলের 'হাওয়া গাড়ি' (১৯৭৯) ও 'চন্দনেশ্বর জংশন' (১৯৮০) উপন্যাস দুটিতে জাদুবাস্তবের কিছু স্পর্শচিহ্ন থাকলেও 'হিম পড়ে গেল' (১৯৮২) উপন্যাসটিতে পাই মাঝবয়সী মধ্যবিত্ত দেবকুমারের ভাবনায় একটা বছর থেকে বর্ষা

JOCAS
Journal of Commerce, Arts and Science
Volume: 4, Issue : 1, December 2021

হারিয়ে যাওয়ার দুশ্চিন্তা কিভাবে সংকটাপন্ন নায়ককে নিয়ে যায় বাস্তব পেরিয়ে জাদুবাস্তবতায় তার চমকপ্রদ আখ্যান। সাতচল্লিশ বছরের দেবকুমার একদিন বাজারে গিয়ে হিমে ভেজা বরবটি হাতে নিয়ে ভাবে হিম পড়ে গেল বর্ষা আসার আগেই? হিম পড়ে গেল আর মুছে গেলো একটা গোটা ঋতু? ঋতুচক্রের এহেন খেয়ালিপনায় দারুণ চিন্তাসংকটে পড়ে গেলো সে। ভাবতে ভাবতে কয়েকদিনের মধ্যে সে যেন বুড়ো হয়ে গেলো, সাতচল্লিশ উল্টে চুয়াত্তর। ছেলে-বউ দেবকুমারের পাকা চুল, কোঁচকানো চামড়া আর মুখ-চোখ দেখে ঘাবড়ে গেলো। অথচ আয়নায় দাঁড়ালে নিজের চোখে সে সেই সাতচল্লিশ। পথে-ঘাটে, কর্মস্থলে সবাই অবাক দৃষ্টিতে দেখে, তামাশা করে, আর চিন্তায় চিন্তায় দেবকুমার ক্রমে বাস্তব থেকে সরে যেতে থাকে স্বপ্ন ও অলৌকিকের দিকে, ফিরে যায় শৈশবের রূপকথার জগতে। বাস্তবের সমস্যা-সংঘাত থেকে সরে গিয়ে বিকল্প বাস্তবের এই উজ্জীবন জাদুবাস্তবতার প্রস্থানভূমি। এক রাতে তার ছোটবেলার দেব সাহিত্য কুটিরের পূজাবার্ষিকী খুলে দেবকুমার দেখলো প্রিয় শিশুসাহিত্যিক সুকুমার দে সরকারের আত্মঘাতী হরিণের গল্প। এখন কোথায় সেই লেখক, কোথায় গেলো হরিণটি? ঘুমের মধ্যে তাকে দেখা দিলেন শৈশবের লেখক, ডাকলেন তার নাম ধরে, ছুটতে থাকলেন আর দেবু ছুটে গেলো তাঁর পেছনে। রবীন্দ্রসদনের সামনে কাশফুল, পাতাল-রেলের গর্তে বয়ে চলা নদী, পাশে জমানো মাটির পাহাড়ে দাঁড়িয়ে গল্পের সেই হরিণ। সুকুমার দে সরকার ছুটলেন হরিণের দিকে। টাটা সেন্টারের সামনেটা ছেয়ে গেলো জঙ্গলে। হরিণ ঝাঁপ দিলো পাতাল রেলের নদীতে। লেখকের হাত থেকে পড়ে গেলো তাঁর প্রিয় 'রাজা' ফাউন্টেন পেন। ঘুম ভেঙে গেলো দেবুর। সেই থেকে দেবকুমারের মন জুড়ে থাকে সুকুমার দে সরকার আর তার হরিণের আশ্চর্য জগৎ, শৈশবের নস্টালজিয়া। বাস্তবের জটিলতা আর তার অকালে বুড়িয়ে যাওয়া নিয়ে মানুষের তির্যক মন্তব্য ও সন্দেহপূর্ণ দৃষ্টি থেকে একমাত্র সুকুমার দে সরকারই তাকে বাঁচাতে পারে। বাস্তবের সবকিছু ঝাপসা হয়ে তার চোখে ভাসে দেব সাহিত্য কুটিরের পূজাবার্ষিকীর অতিপ্রাকৃত জগৎ। অফিসের পথে ইণ্ডিয়া এক্সচেঞ্জে বাস থেকে নেমে লতাপাতায় ঢাকা উল্টোদিকের ফুটপাথে সে দেখতে পায় সুকুমার দে সরকার তাকে হাতছানি দিয়ে ডাকছেন। কিভাবে হারিয়ে গেলো একটা গোটা বর্ষাঋতু, কেন সবাই তাকে চুয়াত্তর বয়সের বুড়ো বলে ভাবছে, কেন দিনরাত জেগে ও ঘুমিয়ে সুকুমার দে সরকারের মায়াবী জগতের ছবি দেখে সে? দেবকুমার ভাবে একজন ডাক্তারকে মন খুলে সব বলা দরকার। একদিন বাসস্টপের সাইনবোর্ড থেকে সে খোঁজ পায় ডা. কাবাসির। ডা. কাবাসির এক অন্ধকার গোপন চেম্বারে চিকিৎসা শুরু হয় দেবকুমারের। সেখানেই ডাক্তার কোনো এক সুকুমারদা'কে ওষুধ বানিয়ে দিতে বললে দেবু অবাক হয়ে যায় লেখক সুকুমার দে সরকারকে দেখে। সুকুমারদা'র হাতে ধরা দড়িতে একটা পোষা হরিণ। ডা. কাবাসি বলেন যে এটা সুকুমারদা'র তপোবন। এখানেই হুঁশ ফিরলে দেবকুমার দেখে সে দাঁড়িয়ে আছে মেট্রোর ভিড়ে। এরপর সে পাগলের মতো খুঁজে বেড়ায় সেই সাইনবোর্ড, ডা. কাবাসির চেম্বার, সুকুমারদা'র তপোবন আর সেই হরিণ। সব কিছু এসেছিলো ম্যাজিক ইল্যুশনের মতো; এখন সব কিছু ভ্যানিশ। এইভাবে মানুষের যাপিত জীবন-বাস্তব থেকে দূরে এক কল্পবাস্তবের বাসিন্দা হয়ে ওঠে দেবকুমার। একদিন ছেলে রাজুকে নিয়ে ছাদে ওঠে পাখির মতো উড়ে যাবে বলে। স্ত্রী শেফালী এসে তাকে আটকায়। অতঃপর বাড়িছাড়া ও এলাকাছাড়া হতে হয় দেবকুমারকে। বাস্তব জগতের সঙ্গে সম্পর্ক ছিন্ন করে সে বেরিয়ে পড়ে একা, সম্পূর্ণ স্বাধীন। চলতে চলতে সে ঢুকে পড়ে ফুরফুরে বাতাস বইতে থাকা শালবনে। সেখানেই ফের দেখা হয় ডা. কাবাসির সঙ্গে। হাতছানি দিয়ে তাকে ডাকেন ডা. কাবাসি, তাড়াতাড়ি ছুটে তাঁর কাছে চলে আসতে বলেন। ছুটে যেতে গিয়ে পড়ে যায় দেবকুমার। ঘোর কেটে গেলে দেবকুমার দেখে ডা. কাবাসি কোথাও নেই। চারপাশে শুধু শালগাছেরা হাওয়ায় দুলছে। সে আবার চলতে থাকে সুকুমার দে সরকার ও তার হরিণের সন্ধানে।

প্রায় একই সময়ে বাঙালি পাঠককে লাতিন আমেরিকার ম্যাজিক রিয়ালিজমের আস্বাদ এনে দিয়েছিলেন অভিজিৎ সেন তাঁর 'দেবাংশী' (১৯৮১), 'রহচণ্ডালের হাড়' (১৯৮৫), 'বিদ্যাধরী ও বিবাগী লখিন্দর' (১৯৯৫) ইত্যাদি লেখায়। গুয়াতেমালার লেখক মিগেল আস্তুরিয়াস তাঁর 'Men of Maize' (১৯৪৯) উপন্যাসে ঔপনিবেশিকতার প্রতিস্পর্ধায় ব্যবহার করেছিলেন প্রাচীন মাইয়া সভ্যতার সাংস্কৃতিক ঐতিহ্য। কিউবার ঔপন্যাসিক আলেহো কার্পেন্তিয়ার তাঁর 'The Lost Step' (১৯৫৩) উপন্যাসে এক সঙ্গীতশিল্পীর সাংস্কৃতিক স্বাতন্ত্রে করেছিলেন আপন আত্মানুসন্ধান। লাতিন আমেরিকার এ-জাতীয় রচনার ছায়াতেই অভিজিৎ সেন তাঁর গল্প-উপন্যাসে লুপ্ত জীবন-সংস্কৃতির পুনর্নির্মাণে ব্রতী হয়েছিলেন জাদুবাস্তবতার আঙ্গিকে। লোকাচার-নির্ভর গোষ্ঠী-সমাজের বিশ্বাস-সংস্কারের প্রতিবেদন 'দেবাংশী' অভিজিৎ সেনের প্রথম জীবনের বালুরঘাট পর্বের আখ্যান। দেবতা যাদের ওপর ভর করে সেই দেবাংশীদের দেখেছিলেন লেখক, যারা ছিল গ্রামীণ কৌম সমাজে ভালোমন্দ নির্ধারণের নিয়ামক। অভিজিৎ-এর গল্পে লোহারা গ্রামের সারবান লোহার তেমনই এক দেবাংশী। কালী

বা মনসার থানে তার শরীরে দেবতা ভর করলে সারবানের কথা হয়ে যায় দৈববাণী। দেবাংশী সারবান হয়ে ওঠে নিম্নবর্গীয় অসহায় মানুষদের মুশকিল আসান। বহু বছর আগে বালক সারবানের পিতা হীরামন তার অসুস্থ স্ত্রীকে বাঁচাতে পাঁচ বিঘা জমি বাঁধা রেখে পঞ্চাশ টাকা ধার করেছিলো রঘুনাথের কাছ থেকে। স্ত্রী বাঁচে নি আর তাড়াতাড়ি ধার শোধ দিয়ে তার জমি ফিরে পেতে গিয়ে অতি পরিশ্রমে মারা গিয়েছিলো হীরামন। পিতৃঋণের বোঝা কাঁধে দশ বছরের সারবান রঘুনাথের বাড়িতে রাখালের কাজে যোগ দেয়। এরপরে শ্রাবণ সংক্রান্তিতে খেরা খেলার থানে সে হয়ে ওঠে দেবাংশী। ক্রমে লোকবিশ্বাসে ভর করে দৈবী শক্তিতে অভ্যস্ত সারবান নিদান দিতে থাকে। অনেক বছর বাদে রোগমুক্তি ও সন্তান চাওয়ার মতো বিষয়ের বাইরে দেবাংশীকে বার করে আনে সেতু যখন সে তার জমির কোবলা ফেরতের ব্যাপারে বিচারপ্রার্থী হয় সারবানের কাছে। তার নিজের পঞ্চাশ বছর আগের অতীতে ফিরে যায় সারবান লোহার। এখান থেকেই গ্রামের প্রতিপত্তিশালী জমি-দখলদারদের অত্যাচারে পীড়িত মানুষদের মুক্তির লড়াইয়ে এক বৈপ্লবিক উত্তরণ ঘটে দেবাংশীর। গ্রামীণ ধর্মবিশ্বাসের ছক ভেঙে অত্যাচারিত মানুষদের শেষ অবলম্বন সারবান হয়ে ওঠে এক অন্য দেবাংশী। পশুদের নিয়ে খেলা দেখিয়ে বেড়ানো বাজিকরদের লুপ্ত জীবনের আখ্যান 'রহুচণ্ডালের হাড়'। বহুশত বছর ধরে মহাজনী শোষণ আর আইনী শাসনে শেকড়ছেঁড়া বাজিকরেরা তাদের যাযাবর জীবনের সমস্ত প্রতিকূলতার মধ্যেও ধারণ করে রাখে পৌরাণিক স্মৃতি আর চিরন্তন সংস্কৃতি, যত্ন করে রাখে হাজার বছর আগেকার পূর্বপুরুষ রহুর একটুকরো হাড়। প্রায় দেড়শ' বছরব্যাপী বিস্তৃত এক কল্পিত বাস্তবে অভিজিৎ লেখেন বাজিকরদের গোষ্ঠীজীবনের বিশ্বাস-প্রতিষ্ঠার কাহিনি। কাঁপা কাঁপা গলায় নাতি শারিবাকে গল্প বলে বাজিকর পরিবারের পঞ্চম পুরুষ জামিরের স্ত্রী বৃদ্ধা লুবিনি। বলে এক না-দেখা দেশের কথা, ঘর্ঘরা নদীর তীরে, ভূমিকম্পে ধ্বংস হয়েছিলো বাজিকরদের বাড়িঘর। তারপরে আবার চলতে থাকা, বসতি স্থাপন, বাঁদর-ভালুক জোগাড় করে খেলা দেখানো। ঘর্ঘরার উত্তরে গোয়ালপাড়ায় নতুন বসতির তিন দিনের মাথায় আবার উৎখাতের নোটিশ। রাতে ঘুমের মধ্যে জামিরের দাদু প্রীতেমকে স্বপ্নে দেখা দেয় তার মরা বাপ দনু, ছেলেকে দলবল নিয়ে পুবের দেশে যেতে বলে। স্বপ্নে দেখা মরা বাপের নির্দেশমতো প্রীতেম আর বাজিকরদের দল চলতে থাকে পুবের দিকে, জনপদ থেকে জনপদে। বাস্তবের দিশেহারা অবস্থা থেকে নিষ্ক্রান্ত হতে স্বপ্ন-স্মৃতি-ঐতিহ্যকে আঁকড়ে ধরে বাজিকরদের এই চলাই যেন জাদুবাস্তবের গ্রন্থনা। হাজার বছরের এক চলমান পৌরাণিক স্মৃতি, আদিপুরুষ রহুর হাড়ের রক্ষাকবচ সেই গ্রন্থনার উদ্দীপক আধার। যুগ যুগ ধরে তাদের প্রাণের গভীরে সযত্ন-লালিত এই ঐতিহ্য বহিরাগত অপসংস্কৃতির দ্বারা আক্রান্ত হলে প্রীতেম রোজ অস্থিরচিত্তে বসে ভাবে গভীর রাতে তাদের তাঁবুর বাইরে গাছতলায়। সেখানেই চাঁদনী রাতে দেখা দেয় দনু, বলে রহুর কথা। দূরে তাকিয়ে চাঁদের আলোয় প্রীতেম দেখে রহুর চলমান ছায়া। রহু সব বাজিকরদের এভাবেই দেখে। সে তার হাড় দিয়ে গিয়েছিলো বাজিকরদের এ-পৃথিবীতে বেঁচে থাকতে। দনু ছেলেকে শোনায় বাজিকরদের পিতৃপুরুষ রহু চণ্ডালের গল্প। বহিরাগতদের আক্রমণ থেকে বাজিকরদের প্রাচীন ভূখণ্ড, শস্যক্ষেত, নদী, স্বাধীনতা রক্ষার লড়াই ও সেই লড়াইয়ে রহুর আত্মবলিদানের গল্প। এই গল্প থেকে উদ্দীপনার রসদ সংগ্রহ করে প্রীতেমদের লড়াই পুবের শেষ ঠিকানায় বাজিকরদের অধিকার প্রতিষ্ঠার। অতঃপর ১৯৪৭-এর দেশভাগের কারণে বাজিকরদের সুস্থিত শেষ ঠিকানা জমিলাবাদ চলে যায় পাকিস্তানে। এতদিন তাদের কোনো ধর্মীয় পরিচয় ছিলো না। এখন রাষ্ট্রীয় অনুশাসনের চাপে তারা বাধ্য হয় ইসলাম ধর্ম গ্রহণে। তবে কি বাজিকরদের এই দীর্ঘ পরম্পরা আবারও আক্রান্ত ও ধ্বস্ত হবে? কিন্তু না, ভয় নেই, লুবিনি গাছের ছায়ায় দেখতে পায় রহুকে।

ঔপনিবেশিক ও উত্তর-উপনিবেশবাদী দমন-পীড়ন-শাসন-শোষণের বিরুদ্ধতায় জাদুবাস্তবতা একটি প্রতিস্পর্ধী রাজনৈতিক ডিসকোর্স। অসহায় প্রান্তেকায়িত গ্রামীণ মানুষদের প্রতিবাদ-প্রতিরোধ-উত্তরণে উদ্বুদ্ধ করতে লেখক তাদের প্রাচীন ইতিহাস ও সাংস্কৃতিক ঐতিহ্য তথা লোকবিশ্বাস, মিথকথা, রূপকথা ও কল্পকাহিনি ইত্যাদির ব্যাপক প্রয়োগ ঘটান। সামাজিক-রাজনৈতিক শক্তিক্ষেত্রের বিরুদ্ধে এই লড়াইয়ের নিরিখে দেখলে শ্যামল গঙ্গোপাধ্যায়ের চেয়ে অভিজিৎ সেন অনেক বেশি পলিটিক্যাল। আবার অভিজিৎকে হয়তো বা ছাপিয়ে গেছেন মহাশ্বেতা দেবী তাঁর 'টেরোড্যাকটিল, পূরণ সহায় ও পিরথা' (১৯৮৭) উপন্যাসে। উপন্যাসের ভূমিকায় মহাশ্বেতা যা বলেছিলেন তাতেই জাদুবাস্তবতার রাজনৈতিক প্রতিস্পর্ধার পরিসরটি চিহ্নিত হয়েছিলো; 'এই উপন্যাসে আমি ভারতবর্ষে আদিবাসী জনজাতির বিপন্নতার কথা বোঝাতে চেয়েছি। সেজন্যেই টেরোড্যাকটিলের মিথিক্যাল প্রবেশ ও প্রস্থান আমার কাছে দরকার ছিল। [..] মেসোজোয়িক যুগের টেরোড্যাকটিল যদি আজ হাজির হতো, আজকের মানুষ তাকে বুঝতে সক্ষম হতো না। টেরোড্যাকটিলকে মরতেই হতো, কেননা কেনোজোয়িক পৃথিবী তার অজ্ঞাত। তেমনি আদিবাসীদের সমাজব্যবস্থা, মূল্যবোধ, সংস্কৃতিচেতনা, সভ্যতা সব মিলিয়ে যেন নানা সম্পদে শোভিত এক মহাদেশ। আমরা

JOCAS
Journal of Commerce, Arts and Science
Volume: 4, Issue : 1, December 2021

মূল স্রোতের মানুষরা, সে মহাদেশকে জানার চেষ্টা না করেই ধ্বংস করে ফেলেছি।' মার্কেজের 'মাকোন্দো'র মতো 'পিরথা' এ-উপন্যাসে এক কল্পিত স্থাননাম, যার অস্তিত্ব নেই ভারতের মানচিত্রে। নিজভূমে পরবাসী লুপ্তপ্রায় বঞ্চিত আদিবাসীদের এক আশ্রয় এই 'পিরথা' ব্লক। সেখানে আসে সাংবাদিক পূরণ সহায় আদিবাসী জীবনের শোষণ-বঞ্চনার ছবি সর্বসমক্ষে তুলে ধরতে। আশি হাজার নাগেসিয়া আদিবাসী বহুদিন ধরে মরছে অনাহারে অথচ সরকার 'দুর্ভিক্ষ এলাকা' ঘোষণা করছে না আর তাই কোনো বিশেষ সাহায্য পাওয়া যাচ্ছে না। সরকার ও স্বার্থান্বেষী শক্তি তো চায় আদিবাসীদের উৎখাত করে ওখানে মুনাফাজনক পিকনিক স্পট গড়তে। আদিবাসীদের এই বিপন্ন জীবন ও সংস্কৃতির সংকট বোঝাতে মহাশ্বেতা ব্যবহার করলেন মেসোজোয়িক যুগে গণ্ডোয়ানাল্যাণ্ডে মুখ থুবড়ে পড়া এক বিলুপ্ত জন্তুর প্রতীক। জরিপের ম্যাপে 'পিরথা' ব্লকটিকে তেমনই দেখতে। এক অবলুপ্ত বাস্তবতার প্রতীকে মহাশ্বেতা তুলে ধরতে চাইলেন অবলুপ্তির পথে চলা আদিবাসী জীবনের বাস্তবতা। জাদুবাস্তবের অলৌকিক রহস্য আরও বিস্তার পেলো চাঁদনী রাতে পাখির মতো উড়তে উড়তে পাহাড়ের গায়ে মিলিয়ে যাওয়া এক অশুভ ছায়ার আবির্ভাবে। যৌথ জীবনে পূর্বপুরুষদের স্মৃতি ও ঐতিহ্য নিয়ে বেঁচে থাকা আদিবাসীদের প্রতিবাদ-প্রতিরোধে সঙ্ঘবদ্ধ করতে নিয়ে আসা হলো পূর্বপুরুষদের অশরীরী আত্মার উড়ন্ত ছায়া। পূর্বপুরুষদের অতৃপ্ত অশরীরী আত্মার এই ঐন্দ্রজালিকতা শাসকের দীর্ঘ বঞ্চনার বিরুদ্ধে লড়াইয়ে উদ্দীপিত করলো আদিবাসীদের। সাংবাদিক পূরণ নিজেও এক আদিবাসী এবং এখন সে আদিবাসীদের সহায়। পূরণ আসতে বৃষ্টি নামলো ঝমঝমিয়ে, ক্রমে বৃষ্টির এক প্রতীকায়িত আবহে আদিবাসীদের পূর্বপুরুষদের আত্মা প্রবেশ করে পূরণের ঘরে, ঘোর লেগে যায় পূরণের। সে পড়তে থাকে মেসোজোয়িক যুগের উড়ন্ত সরীসৃপ টেরোড্যাকটিলের বৃত্তান্ত। সেই টেরোড্যাকটিল যেন ফিরে এসেছে বৃষ্টির অন্ধকারে এক আশ্চর্য প্রাণীর রূপে। টেরোড্যাকটিলের মতো অবলুপ্তির হাত থেকে নিজেদের রক্ষা করতে এখান থেকেই শুরু হয়ে যায় পূর্বপুরুষদের ঐতিহ্যে বিশ্বাসী পিরথার আদিবাসী জনগোষ্ঠীর আন্দোলনের প্রস্তুতি। জাদুবাস্তবতার প্রকরণে সাব-অলটার্ন সমাজের রাজনৈতিক প্রতিস্পর্ধার আর একটি উল্লেখযোগ্য দৃষ্টান্ত মহাশ্বেতার 'চোট্টি মুণ্ডা এবং তার তীর' (১৯৮২)। উপজাতিদের আশা-আকাঙ্ক্ষার প্রতীক নায়কোচিত চোট্টির জাদুতিরের কিংবদন্তিকে আশ্রয় করে লোকশ্রুতি-অতিকথা-ইতিহাসের ঐন্দ্রজালিকতায় মুণ্ডা সমাজের উত্থান-পতন, সমস্যা-সংকট-বিদ্রোহের এক মহাকাব্যধর্মী আখ্যান। চোট্টির জাদুতির মুণ্ডাদের প্রজন্ম থেকে প্রজন্মে সংবাহিত এক উত্তরাধিকার, নিম্নবর্গীয় মানুষদের বঞ্চনা-সংগ্রাম-প্রতিরোধের ধারাবাহিক ইতিবৃত্তে এক প্রবহমান সঞ্জীবনী। উপজাতি সমাজকে সংগঠিত করতে চোট্টির জাদুতিরের কিংবদন্তি এক অমোঘ মন্ত্রশক্তি। জনশ্রুতি, না-লেখা ইতিহাস, স্বপ্ন ও সংগ্রামের বহুস্তর আখ্যানে মহাশ্বেতা নির্মাণ করেছিলেন জাদুবাস্তবের পরিসর।

ষাটের শেষে শ্যামল গঙ্গোপাধ্যায়ের কুবের সাধুখাঁ থেকে পরবর্তী কুড়ি বছরে মহাশ্বেতার টেরোড্যাকটিল, পূরণ আর চোট্টি মুণ্ডার আখ্যানে বাংলা ভাষায় জাদুবাস্তবের প্রকরণ এক সম্মানজনক প্রতিষ্ঠা পেয়েছিলো তাতে সন্দেহ নেই। এই কুহক আঙ্গিকের পতাকা উড়িয়ে এসে পড়ছিলেন আরও অনেক ঔপন্যাসিক ও ছোটগল্পকার। উল্লেখ করা যায় সৈয়দ মুস্তাফা সিরাজের 'অলীক মানুষ' (১৯৮৮) যা কিনা লোকবাস্তবতা ও অলৌকিকত্বের টানাপড়েনের এক সমাজবিজ্ঞানীসুলভ পর্যবেক্ষণ। মার্কেজের বইয়ের মতো এক পীর পরিবারের একশ' বছরের গল্প। লৌকিকতার আবরণে অলৌকিকের সাধনা করতে করতে কিভাবে একজন মানুষ হয়ে যায় অলীক তারই এক ফ্ল্যাশব্যাক ন্যারেটিভ। সিরাজ জাদুবাস্তবের রহস্যময়তাকে এখানে ব্যবহার করেছিলেন ধর্মীয় কপটতার মুখোশ খুলে দিতে, অভিজিৎ-মহাশ্বেতা বা লাতিন আমেরিকার লেখকদের মতো কোনো ইতিবাচক উত্তরণমুখী প্রতিস্পর্ধার মতো করে নয়। এছাড়াও আধুনিক বাংলা উপন্যাসের পরিসরে জাদুবাস্তবতার বয়ান হিসেবে দেখা যেতে পারে আবুল বাশারের 'মরুস্বর্গ' (১৯৯১)। খ্রিস্টজন্মেরও বহু পূর্বেকার প্রাচীন পৃথিবীর এক ভূখণ্ডে একদিকে ভূমিহীন মরুযাযাবর জনগোষ্ঠী আর অন্যদিকে শস্যশ্যামল ভূমিক্ষেত্রের কৃষিজীবী মানুষদের দ্বান্দ্বিকতার আখ্যান এখানে উপস্থাপিত হয়েছে পুরাণ, লোকগাথা, কিংবদন্তি, উপকথার ঐতিহ্য অনুসারী জাদুবাস্তবতার আধারে।

তাঁর নোবেল ভাষণে মার্কেজ বলেছিলেন যে মানুষের জীবনকে বিশ্বাসযোগ্যভাবে লিখতে গেলে প্রচলিত কথনকৌশল যথেষ্ট নয়। গড়ে তুলতে হয় এক বিকল্প, হয়তো বা, বিরুদ্ধ কল্পরাজ্য। বাস্তবতার সঙ্গে বোঝাপড়া করতে গিয়ে হাত ধরতে হয় অনেক অতি/পরা-বাস্তবতার। এসে পড়ে অতিপ্রাকৃত, অলৌকিক, জাদু, অতিকথা, লোকগাথা, রূপকথা, অন্ধবিশ্বাস এবং আরও নানা অদ্ভুতুড়ে ভাবনা। ঝাপসা হয়ে যায় বাস্তব আর কল্পনার যুক্তিনিষ্ঠ সীমারেখা। ফুটে ওঠে, আলেহ কার্পেন্তিয়ার যাকে

বলেছিলেন 'marvelous real', যা কিনা আর্থ-সামাজিক তথা ভাষা-ধর্ম-সংস্কৃতির ক্ষেত্রে যাবতীয় শোষণ-বঞ্চনা-বিরূপতার মোকাবিলায় হয়ে ওঠে প্রান্তেকায়িত মানুষের আয়ুধ। এই সার্বিক প্রেক্ষিতেই একালের বাংলা সাহিত্যের মানচিত্রে জাদুবাস্তবতার বহুমাত্রিকতার সন্ধানে আরও অনেকের রচনা বিশেষ উল্লেখ ও আলোচনার দাবি রাখে। মনে পড়ছে উত্তর-ঔপনিবেশিক/ উত্তর-আধুনিকতাবাদী আখ্যান-নির্মানের ধারায় হাংরিয়ালিস্ট লেখক মলয় রায়চৌধুরীর 'ছোটলোকের ছোটবেলা', 'এই অধম ওই অধম' ও 'নখদন্ত'। আধুনিকতার আভঁ গার্দ লেখক সন্দীপন চট্টোপাধ্যায়ের কথনশৈলিতে স্মৃতি-ইতিহাস-ফ্যানটাসির প্রয়োগসূত্রগুলি নিয়ে এ-প্রসঙ্গে ভাবা যেতেই পারে তাঁর 'হিরোসিমা মাই লাভ' ও 'সোনালী ডানার ঈগল'-এর মতো আখ্যানের প্রকরণ-চিন্তায়।

সুন্দরবনের জল-জঙ্গল আর বনবিবি-দক্ষিণরায়ের গল্প আশ্রয় করে লেখা বেশ কয়েকটি উপন্যাসের কথাও মনে করা যেতে পারে — সমীর রক্ষিতের 'দুখের আখ্যান', সাধন চট্টোপাধ্যায়ের 'জলতিমির', অমর মিত্রের 'ধনপতির চর' এবং সোহারাব হোসেনের 'গাঙবাঘিনি'। লৌকিক-অলৌকিক, স্বপ্ন-কল্পনা, বাস্তব-পরাবাস্তব, অতীত-বর্তমান সবকিছুর মিশ্রণ ও ঘূর্ণনে, এক আশ্চর্য চিত্রকল্পময় ভাষার কুহকবিন্যাসে রচিত হয়েছে বহুস্তর প্রতিস্পর্ধী ডিসকোর্স। এছাড়াও মনে করা যেতে পারে কিন্নর রায়ের 'স্বপ্নপুরাণ', 'ধূলিচন্দন' ও 'ভ্রমণসঙ্গী ঈশ্বর'। 'স্বপ্নপুরাণ'-এ সাম্প্রদায়িকতার সংকটের ভাষ্যে ওসামা বিন লাদেন পুকুরপাড়ে এসে ডাক দেয় জেহাদের, বুনো বেড়াল হয়ে যায় উকিল, আবির্ভাব ঘটে বোমাবৃক্ষের। 'ধূলিচন্দন'-এ দেখি বুনো হাতিরা কথা বলে জঙ্গলে লুকিয়ে থাকা নকশালদের সঙ্গে; আর দেখি রূপকথার ব্যঙ্গমা-ব্যঙ্গমী, ডানাওয়ালা সাপ। 'ভ্রমণসঙ্গী ঈশ্বর'-এ এক উন্মাদ ঈশ্বরের সঙ্গে ঘুরে বেড়ায়, বার্লিন থেকে কলকাতা। বুঝতে অসুবিধা হয় না যে আমাদের কঠোর ও কঠিন বাস্তবকেই দেখতে ও দেখাতে চাইছেন লেখক অতিক্রমী কল্পনা আর অ-বাস্তবের মোড়কে। বেশ কিছু বাংলা ছোটগল্পেও জাদুবাস্তবতার মনন ও আঙ্গিক নানাভাবে পরীক্ষিত হয়েছে। উদাহরণস্বরূপ উল্লেখ করা যায় সৈয়দ মুস্তাফা সিরাজের 'গাছটা বলেছিল', স্বপ্নময় চক্রবর্তীর 'নকশি কাঁথার মাঠ' এবং সোহারাব হোসেনের 'মাঠপরী'। সিরাজের গল্পে গ্রামের পরিত্যক্ত জমিতে দাঁড়িয়ে থাকা গাছটি কথা বলে, বলে 'মর্ মর্', আর মরে যায় তার তলায় পাতা কুড়োতে যাওয়া বুড়ি, তার গুঁড়িতে লাথি মারতে থাকা এক নেশাখোর প্রৌঢ়, এক চোর, দারোগাবাবু আর প্রেমে প্রত্যাখাত এক ডাক্তার। স্বপ্নময়ের গল্পটিতে জসীমউদ্দিনের কাব্যগ্রন্থের স্মৃতি উসকে দেয় জগার বউ মতির বাহারি নকশি কাঁথা, তার দিদিশাশুড়ির তৈরি, যেটি মতি দারিদ্রের কারণে বেচে দেয় শহুরে বাবুদের প্রদর্শনীর জন্য। এরপরে একদিন চাল বেচতে গিয়ে পুলিশের খপ্পরে পড়ে মতি। নিজের ভেতরে আশা-নিরাশায় আক্রান্ত হতে হতে মতির মনে হয় দক্ষতনয়া সতীর কথা যার দেহত্যাগে একদা লণ্ডভণ্ড হয়েছিলো গোটা বিশ্ব। সেও কি পারে না সেভাবেই দুনিয়ার সব শোষক-পীড়ককে ধ্বংস করতে? নকশি কাঁথার মতো মতির শরীরের মধ্যে বোনা কামনা-বাসনা-স্বপ্ন সব আগুন হয়ে জ্বলে ওঠে, জ্বলতে জ্বলতে সেই আগুন ছড়িয়ে যায় ঘরে ঘরে। সোহারাবের গল্পে কওছর আর তার বিবি সাবেরা মাঠে চাষ করে। মাঝরাতে তাদের জমিতে ছায়া ফেলা বড়ো চাষিদের আমগাছ কেটে দেয় সাবেরা। সবাই ভাবে এ-কাজ মাঠপরীর। জমি-অন্তঃপ্রাণ প্রান্তিক কৃষিজীবীদের জমিরক্ষার লড়াইয়ে মাঠপরীর সংস্কার জাদুর ছোঁয়া আনে বাস্তবতায়।

বাংলাদেশের অগ্রগণ্য লেখক আখতারুজ্জামান ইলিয়াসের 'চিলেকোঠার সেপাই' ও 'খোয়াবনামা' উপন্যাস দু'টি জাদু-বাস্তবতার আলোচনায় বিশেষভাবে স্বীকার্য। যদিও ইলিয়াস নিজে সরাসরি এ-দু'টি রচনাকে জাদুবাস্তবতার দৃষ্টান্ত বলে উল্লেখ করেন নি, তবু মার্কেজ তথা লাতিন আমেরিকার সাহিত্যের প্রতি তাঁর ঋণ তিনি সর্বদা স্বীকার করেছেন। ইলিয়াসের লেখায় লোকজীবন ও সংস্কৃতি, স্বপ্ন ও স্মৃতির কুহকে রাজনৈতিক বাস্তবতার বয়ান পাঠককে অবশ্যই 'নিঃসঙ্গতার একশ বছর'-এর লেখকের কথা মনে করিয়ে দেবে। ১৯৬৯-এর অভ্যুত্থান নিয়ে লেখা 'চিলেকোঠার সেপাই' স্বপ্ন-স্মৃতি-ইতিহাস-ফ্যানটাসির মায়াজালে ধৃত রাজনৈতিক উপন্যাস। কবর থেকে উঠে আসা মরা মা, বটগাছের মাথা থেকে উড়ে যাওয়া জিন, একই নামের একাধিক মানুষ, স্বপ্ন থেকে বাস্তবে আর বর্তমান থেকে অতীতে যাতায়াত, এসবই মার্কেজীয় আঙ্গিককে চিনিয়ে দেয়। ১৯৩৭ থেকে ১৯৫০-এর কালপর্বে ঐতিহাসিক স্বপ্নভঙ্গের দলিল 'খোয়াবনামা'। লোকজীবন ও সংস্কৃতির আবহে রাজনৈতিক বার্তা তুলে ধরেছেন ইলিয়াস। ফ্যানটাসির মাত্রা এ-উপন্যাসে কিছু বেশি। ঘুমন্ত মানুষ কথা বলে মৃত মানুষ, জিন-পরীদের সাথে। রয়েছে গান, মেলা, শোলোকের মতো অনেক লোক-উপাদান। আছে মার্কেজের বইতে পাওয়া বহুযুগের পরম্পরা-বাহিত পুঁথির প্রসঙ্গ। ইলিয়াসের পাশাপাশি উল্লেখযোগ্য বলে গণ্য হতে পারে শহীদুল জহিরের প্রথম উপন্যাস, 'জীবন ও রাজনৈতিক বাস্তবতা'।

সীমায়িত পরিসরের এই পর্যালোচনায় বাংলা সাহিত্যে যথাপ্রাপ্ত বাস্তবের প্রতিস্পর্ধা ও বিকল্প বাস্তবের ঐন্দ্রজালিকতার রাজনৈতিক ডিসকোর্সের অনুসন্ধান শেষ করবো নবারুণ

JOCAS
Journal of Commerce, Arts and Science
Volume: 4, Issue : 1, December 2021

ভট্টাচার্যের কথা স্মরণ করে। প্রেত ও পরলোকচর্চা, বাস্তব ও পরাবাস্তব, অদ্ভুতুড়ে কৌতুক ও কার্নিভ্যালের হুল্লোড়, এসবের চমকপ্রদ বয়নে কুহক বাস্তবতার বয়ান নবারুণের লেখায় হয়ে উঠেছিলো বিস্ফোরণের কথনশিল্প। 'হারবার্ট'-এ এক অবহেলিত যুবকের হতভাগ্য বাস্তব বেঁচে ছিলো ভূত-প্রেত-পরলোক চর্চায়। হারবার্ট সরকারের রহস্যময় ও কৌতুকপ্রদ কার্যকলাপের সঙ্গে জড়িয়ে থাকে সামাজিক-রাজনৈতিক প্রতিস্পর্ধার নানা প্রসঙ্গ। উপন্যাসের শেষে ঘটে যাওয়া বিস্ফোরণে মৃত মানুষদের প্রেতের মতোই যেন দৃশ্যমান হয়ে ওঠে মৃত নকশালপন্থী প্রতিস্পর্ধার প্রেত। নবারুণের গল্পে সাব-অলটার্নদের প্রতিনিধি ফ্যাতাড়ু ও চোক্তাররা এক গ্রোটেস্ক কৌতুকে খেলা করে রাষ্ট্রশক্তির সঙ্গে। 'ফ্যাতাড়ু' সিরিজ আর 'কাঙাল মালসাট'-এ সামাজিক কেচ্ছা-কেলেংকারি-দুর্নীতির বিরুদ্ধে নবারুণ দেখান বিকল্প বাস্তবের আগ্রাসন। যথাপ্রাপ্ত বাস্তবের প্রতিস্পর্ধা ও বিকল্প বাস্তবের রাজনৈতিক ডিসকোর্সের অভিমুখ বদলে যায় 'মসোলিয়ম'-এ। লেনিনের আদর্শ ভুলে তাঁর মরদেহের মমি আঁকড়ে থাকার অভ্যাসকে ব্যঙ্গ করে নবারুণ লিখলেন ভণিতা, চাতুরি, লুঠতরাজের বঙ্গ-সংস্কৃতির উন্মোচনে এক বাখতিন-ঘনিষ্ঠ প্রতিস্পর্ধী আখ্যান। নবারুণের বিকল্প বাস্তবের প্রতিস্পর্ধা আর এক বিস্ফোরক মাত্রা পায় 'বেবি কে' উপন্যাসে। পেট্রল দিয়ে আগুন নেভানোর প্রকল্পনায় নবারুণ পেট্রলজীবী বেশ্যা বেবি কে- কে করে তোলেন এক পূর্ণাবয়ব মলোটভ ককটেল। এক কল্পনগরীর অমানুষিক নিষ্ঠুরতার বিষাক্ত পরিবেশে মানুষকে নিশ্চিহ্ন করে ফেলার চক্রান্তের প্রতিস্পর্ধায় নবারুণ বিকল্প বাস্তবের অনুসন্ধান করেছিলেন 'খেলনানগর'-এ। নবারুণের বাস্তব-অতিক্রমী বিকল্পের অনুসন্ধান এক চমকপ্রদ মাত্রা পেলো তাঁর কুকুর-উপকথা 'লুব্ধক'-এ। কলকাতা শহরের পথ-কুকুরেরা শহরবাসী মানুষদের স্বেচ্ছাচার ও নিষ্ঠুরতার বিরুদ্ধ সঙ্ঘবদ্ধ প্রতিশোধে চালিত হয় মিশরীয় উপকথার অতিকায় কুকুরদেবতা অনুবিসের নেতৃত্বে। শহর ছেড়ে চলে যেতে যেতে মহাকাশ থেকে ছুটে আসা গ্রহাণুর হাতে প্রতিস্পর্ধী পথ-কুকুরেরা সমর্পণ করে কলকাতাকে। এক অনিবার্য বিস্ফোরণের কাউন্ট-ডাউন চলতে থাকে। এই আখ্যানেই নবারুণ ব্যবহার করেছিলেন 'জাদু-বাস্তব' অভিধাটি। শুধু ব্যবহারই করেন নি, আলোকিত করেছেন বহু-আলোচিত এই অতিক্রমী বিকল্প বাস্তবের অন্তঃসার—'সেই পচা কাদাজলের মধ্যে পৃথিবীর প্রাণশক্তি ছিল। সিক্ত, শীতল আরাম ছিল। অবশ করে দেওয়ার কুহক মন্ত্র ছিল। সর্বোপরি আশ্রয় দেওয়ার একটি কোল ছিল। [..] এরপর লোম-ওঠা, কান-গলা, খোবলানো জায়গাটা দেখতে এমনই হয়ে উঠেছিল যে তার প্রতি যে-পুরুষ-কুকুরদের টান, তারাও তাকে এড়িয়ে চলত। কিন্তু নানা মাত্রার প্রাণের অন্তর্বিষ্ট ক্ষমতা এক জাদু-বাস্তব।'

সহায়ক গ্রন্থ/পত্র-পত্রিকা

১. Alejo Carpentier, 'On the Marvelous Real in America', 1949, https://www.graduateschools.uni-wuerzburg.defileadmin/43030300/Heise-Materialien/carpentier-marvelous_real.pdf

২. Dictionary of Literary Terms and Literary Theory, J. A. Cuddon, Penguin, 1999

৩. Magic (al) Realism, Maggie Ann Bowers, Routledge, 2005

৪. Politics of the Possible, Kumkum Sangari, https://www.jstor.org/stable/1354154

৫. গাব্রিয়েল গার্সিয়া মার্কেস, সাক্ষাৎকার সংগ্রহ, উৎপল ভট্টাচার্য সম্পাদিত, কবিতীর্থ, ২০১৬

৬. মানবেন্দ্র বন্দ্যোপাধ্যায়, 'বাস্তবের কুহক কুহকের বাস্তব', প্রতিভাস, জানুয়ারি ২০১৩

৭. ম্যাজিক রিয়ালিজম ও বাংলা সাহিত্য, পলাশ খাটুয়া সম্পাদিত, বঙ্গীয় সাহিত্য সংসদ, ২০১৬

Moral Sentimentalism

Minakshi Pramanick
Assistant Professor, Department of Philosophy
Narasinha Dutt College, Howrah
Email: minakshipramanick15@gmail.com

We know that in traditional ethics reason plays the major role to determine morality. Traditionally, ethics has been viewed as the study of what kinds of actions are right and wrong, how the world is and how it ought to be, what kinds of decisions are made and what kinds of decisions ought to be made. Plato, Aristotle, Utilitarian Philosophers ,Kant focused on reason to determine morality. But now a days there is an alternative ethical theory, which is called Moral Sentimentalism. According to moral sentimentalism, our emotions and desires play a leading role in the anatomy of morality. Some believe moral thoughts are fundamentally sentimental, others that moral facts make essential reference to our sentimental responses, or that emotions are the primary source of moral knowledge. Some believe all these things. The two main attractions of sentimentalism are making sense of the practical aspects of morality, on the one hand, and finding a place for morality within a naturalistic worldview, on the other. The corresponding challenges are accounting for the apparent objectivity and normativity of morality. Recent psychological theories emphasizing the centrality of emotion in moral thinking have prompted renewed interest in sentimentalist ethics. In this paper I will try to show how Sentimentalism revisits the ethical as well as moral standards .

Keywords: *Sentimentalism¸ Morality, Emotion, Reason*

I

INTRODUCTION:

One is a question of moral epistemology: how do human beings become aware of, or acquire knowledge or belief about, moral good and evil, right and wrong, duty and obligation? Ethical theorists and theologians of the day held, variously, that moral good and evil are discovered: (a) by reason in some of its uses (Hobbes, Locke, Clarke), (b) by divine revelation (Filmer), (c) by conscience or reflection on one's (other) impulses (Butler), or (d) by a moral sense: an emotional responsiveness manifesting itself in approval or disapproval (Shaftesbury, Hutcheson). Hume sides with the moral sense theorists: we gain awareness of moral good and evil by experiencing the pleasure of approval and the uneasiness of disapproval when we contemplate a character trait or action from an imaginatively sensitive and unbiased point of view. Hume maintains against the rationalists that, although reason is needed to discover the facts of any concrete situation and the general social impact of a trait of character or a practice over time, reason alone is insufficient to yield a judgment that something is virtuous or vicious. In the

last analysis, the facts as known must trigger a response by sentiment or "taste."

Now in this paper we will discuss how was David Hume influenced by Third Earl of Shaftesbury and Francis Hutcheson and influenced his later philosophers about the role of Emotion in Morality and it is a kind of Moral Psychology.Moral psychology is the area of scholarship that investigates the nature of psychological states that are associated with morality—states such as intentions, motives, the will, reason, moral emotions (such as guilt and shame), and moral beliefs and attitudes. The purview of moral psychology also includes associated concepts of virtue, character trait, and autonomy. It has generally been thought of as a descriptive enterprise rather than a normative one, though this is not always the case.

II

SENTIMENTALISM OF THIRD EARL SHAFTESBURY:

